
প্রণয়-প্রমাদ নাটক।



এক্লিফচন্দ্র রায় চৌধুরী

প্রণীত।

কলিকাতা

#ং ২১, ভবানীচরণ দত্তের লেন ভিক্টোরিয়া যন্ত্রে মুদ্রিত।

>२४७ ।

वित्रकार के किए जिस्से के किए जिस के किए जिए जिस के किए जिस के जिस के जिस के जिस के जिए जिस के जिए जिस के जिस के

উপহার।

মান্যবর শ্রীযুক্ত ভিঙ্গাধিপতি রাজা উদয়প্রতাপ দিংহ বাহাত্বর প্রবল প্রতাপেযু—

রাজন্!

অনেক গ্রন্থকার হৃদ্ধ তোষামোদার্থে কোন ধনাত্য ব্যক্তির নাম সম্বলিত গ্রন্থ প্রকাশ করিয়া থাকেন। কেহ বা আপনার ও আপন গ্রন্থের গৌরব জন্য কোন বিদ্বান ও নাম লব্ধ ব্যক্তির নামে গ্রন্থ উৎসর্গ করিয়া থাকেন। কিন্তু আমার এই ক্ষুদ্র অথচ অতি যত্নের নাটকথানি আপনাকে যে উপহার দিতেছি, তাহাতে আমার মনে উল্লিখিত ভাবের অনুমাত্রও নাই। আমি হৃদ্ধ বিচার সঙ্গত বলিয়া আপনার নামে এই গ্রন্থখানি সাধারণের সম্মুখে উপস্থিত করিতেছি। যেহেতুঃ— প্রথমতঃ—এই নাটকের উপন্যাদটী আপ্নিই আমাকে বলিয়া দিয়াছিলেন, ও এইক্ষণ আবার মুদ্রাহ্বন ইত্যাদির খরচা আপনি দিলেন। অতএব ইহার উৎপত্তি ও প্রকাশের মূলীভূত আপনি। আমি স্থন্ধ লিখিয়া অবদর। স্থতরাং এই গ্রন্থখানি যে এক জন উপকৃত ব্যক্তির ন্যায় সাধারণ সমীপে আপনকার নাম কীর্ত্তন করিবে ইহা নিঃসন্দেহ বিচার দঙ্গত।

দ্বিতীয়তঃ—এই নাকট রচয়িতার সম্বন্ধে আপনকার যে ভূরি অনুগ্রহ তরিষয়ে গুটিগুই কথা এস্থলে বলিলেই যথেক্ট হইবে। আমি আপনার ইংরাজী শিক্ষকের পদে নিযুক্ত থাকিয়া প্রায় প্রতি বৎসরই দেড় মাস করিয়া ছুটি লইয়াছি, কখন বা এক মাসের স্থলে তিন মাস অতাত করিয়াছি, কিন্তু আপনি কদাচ আমার বেতন কর্তুন করেন নাই। অধিক কি বলিব আপনার সরকারে চারি বংসর মাত্র কার্য্যাছিলাম, তাহাতেই আপনি আমাকে যাব-

জ্জীবনের নিমিত্ত পেন্সন্ অবধারিত করিয়া-দিয়াছেন।

তৃতীয়তঃ —বঙ্গবাদীদিগের হিতের জন্য আ-পনি যে সকল কাৰ্য্য করিয়াছেন তাহারও কয়ে-কটি এম্বলে উল্লেখ করা কর্ত্তব্য। আপনি সাইন্স এসোদিয়েদন, রিফারম এসোদিয়েদন, প্রাগদূত, আলবর্ট হাল নির্মাণ, ত্রন্ম মন্দির নির্মাণ ইত্যা-রিদ সাহায্যে ও অন্যান্য প্রকারে বঙ্গদেশ ও বঙ্গবাসীগণের উপকারার্থে ভূরি পরিমাণে আপ-নার বদান্যতা প্রদর্শন করিয়াছেন। অপিচ ভিন্ন দেশস্থ রাজগণ মধ্যে কেহ অথবা নিজ বঙ্গেরই আপনকার তুল্য অল্ল বয়ক্ষ রাজা বা জমিদার কেহ এতগুলি হিতকর কার্য্য করিয়াছেন কি না সন্দেহ। অতএব আপনকার নামে যে এই গ্রন্থানি প্রকাশ করিতেছি ইহাতে আমার দেশের সকলেই আমার প্রতি সন্তুক্ত হইবেন।

পরস্তু অনেক লেখক আছেন যাঁহারা কোন ধনাত্য বা পদস্থ লোকের নাম সম্বলিত গ্রন্থ প্রকাশ করিতে গিয়া উল্লেখ যোগ্য কোন গুণ খুজিয়া না পাইয়া স্থন্ধ চাটুবাদীতা অবলম্বন করিয়া থাকেন। তাহাতে তাঁহাদের মনে নিশ্চ-য়ই ক্লেশ বোধ হইয়া থাকে। কিন্তু সে প্রকার ক্লেশ আমি অনুমাত্রও অনুভব করিলাম না, যেহেতু আমি আপনার সম্বন্ধে যে কিছু বলি-লাম সকলই স্বপ্রমিত।

> শুভানুধ্যায়ী শ্রীকৃষ্ণচন্দ্র বায় চৌধুরী।

নাটোল্লিখিত ব্যক্তিগণ।

রামপাল সিংহ। বীরন্গরের রাজা।
গিরীন্দ্র সিংহপূর্ব্বগত রাজার পুত্র।
সীভাপতি সামস্ত প্রধান মন্ত্রী।
ক্তমপ্রতাপ সিংহসনাপতি।
ভীমরায় কোটাল।
शकारभाविक (मनरवमा ।
मधिवास्त ७ कर्नकात पूर्वाहिछ ।
হুৰ্গাপ্ৰসাদ ভট্টাচাৰ্য্যগুৰু।
রাম। নে
পদা ভীমরায়ের ভৃত্য।
রাজশরীররক্ষক সৈন্যাধ্যক্ষ, রাজপুরুষগণ, এজাগণ
চোপদারগণ।
ভারাবভী ••• •• রামপাল সিংহের কন্যা।
মানময়ীসীতাপতি সামস্তের কন্যা।
বিনোদা স্থ্যমা
च्रतमा र्
विमला
বিমলা চপলা ।মানমন্ত্রীর সহচরী।



1.172

JORRAFANKO LIJRARY:

Calcutto.

প্রণয়-প্রমাদ।

প্রথম অঙ্ক।

প্রথম গর্ভান্ত।

বীর নগর রাজ বাড়ী।

প্রধান মন্ত্রীর উপবেশন কক্ষা।

সীতাপতি সামন্ত ও গঙ্গাধর সেনের প্রবেশ।

সীতা। (বিষণ্ণ ভাবে) আচ্ছা কবিরাজ মহাশয় ! গঙ্গা। আন্তেঃ?

সীতা। এখানে তো আর কেউ নেই। এখন আপনি ষধার্থ বলুন দেখি, আপনার কি বোধ হয়?

গঙ্গা। অভ্যন্ত সঙ্কট; রোগের আর কিছু বাকী নেই।

সীতা। (কিঞ্চিৎ বিরক্তির সহিত) আরে তাতো

আপনিও বুনেছেন, আমিও বুনেছি। হের্দে ঘোড়া হাতী গুল পর্যান্ত বুনেছে। ঘোড়াদের সম্মুখে ঘাস যেমন ভেমনি রয়েছে, আর তারা এই রাজবাড়ীর দিকে মুখ উঁচ করে দাঁড়িয়ে আছে। হাতী গুল যেন ভিলার্দ্ধ শুঁড় ছির রাখেনা, একটা না একটা কাজ কচ্ছেই; তারাও স্পন্দ হীন হয়ে আছে। তবে রোগ যে অতি ভয়ানক কি না তা আপনাকে জিজ্ঞাসা কলিনে। স্কূল কথা এই যে, এখনও চিকিৎসার হাত আছে কি না?

গদ্ধা। চিকিৎসার হাত থাকবে না কেন? "বাবৎ খাস তাবৎ চিকিৎসা" এতাে আয়ুর্কেদে ভূরােছ্রঃ বলেছেন। তবে কি না একণকার যে ঔষধি সে কিছু বায়সাধা। আর আমার কাছে প্রস্তুত নাই। কিন্তু আর একটি লােক খরচ দিয়ে প্রস্তুত করিয়েছে, তা থেকে এক আধ সপ্তা লপ্তরা যেতে পারে। কিন্তু তার মূলা নগত দিতে হবে। (স্বগত) রাজা যত বাঁচবে তাতাে মা গদ্ধাই জান্ছেন, তার পরে আমি ঔষধের দামের জানো কার কাছে গিয়ে ভাান্ভাান্ করে বেড়াব, আর বেড়ালেই বা কে শুনবে? করিয়াজী বাবসা শুদ্ধ মনুষা শরীরের নাড়ী জ্ঞান হলেই হয় না, মনুষাের মনের নাড়ী জ্ঞান থাকাও আবশকে?

সীতা। তা এই ঔষধে রোগ নিরাময় হবেতো? গঙ্গা। রোগ নিরাময় হবার জন্মই তো ঔষধ—, উষধি আর কি জনা। আপনি নিশ্চর জানবেন যদি পরমায় থাকে, তবে এই ঔষধিতেই আর্থম হবেই হবে। তানা হয়তো আয়ুর্কেদ মিথ্যা। আর যদি পরমায় না থাকে, তবে দে হতন্ত্র কথা। কেন এই যে কাঞ্চির রাজার ছেলেতো কেউ বলেনি যে বাঁচবে। বড় বড় কবিরাজ ডাক্তার সকলে জওয়াব দিয়েছিলেন। তা এ ঔষধ এ রোগের ব্রহ্ম অস্ত্র।

সীতা। তবে আপনি আর বিলম্ব করবেন না। মূল্যের নিমিত্ত চিন্তা নাই।

গলা। তা একেবারে কোষাধ্যক্ষের প্রতি বরাত হয়ে গেলেই ভাল হত। কেন না মূল্য না পেলে (এই সময় পুরোহিতকে দেখিয়া হগত) হেদে পুরোহিত বেটা এসে দাখিল হল যে। এমদি একথা শোনে, তবে বাগ্ড়া দেবেই দেবে।(জনান্তিকে সীভাপতির প্রতি) তা যাক্ যাক্, ভাল তা দেখা যাবে এখন। ঔষধ হস্তগত না হলে বিশ্বাস নেই।

[পুরোহিতের প্রতি বক্ত দৃষ্টি প্রস্থান।

সীতা। প্রণাম, আসতে আজ্ঞা হয়।

পুরো। জয়স্তা দেখ এই যে বৈদ্য জাতটে—এদের ভাতির বিষয় তো জান্ছই। সে যাহক রোগ নিরাময় ব্যতীত—তোমার যেতা দেখগে—বিদ্যকে অত্যে টাকা দেয়া অতি অপরামর্শ। আর যে বৈদ্য মনে মনে আপ-নার বিদ্যা জানছে, সেইই ঔষধের মূল্য বলে—তোমার যে তা দেখগে—প্রথমেই কিছু হাতাবার পদ্মা করে।

সীতা। তা এদিকেও আবার রোগ আরামের পর, বৈদ্য বিদায়ের সময় অনেকে বৈদ্যকেই মূর্ত্তিমান রোগ বলে জ্ঞান করে।

পুরো। সে যা হক, রাজার ক্ষতি হতে লাগলে আমার ক্ষতি বোধ হয়, তাই বলি। এই যে রাজার এই মুদ্র্যবিস্থা। এ সময় অগ্রে—তোমার যে তা দেখণে—পুরোহিত ডাকতে হয়। তা তোমরা তো সে পাঠ উঠিয়ে দিয়েছ। তা বলে আমি তো নিরস্ত থাকতে পারিনে। যেহতু এই প্রধান শরীর, এই মহারাজ চক্রবর্তী, এঁর—তোমার যে তা দেখগে—এই মহা রোগে মৃত্যু হবে, আর আমি বসে থাকতে প্রায়শিতভটা হবে না।

সীতা। মহাশয় অনুগ্রহ করে আগগমন করেছেন সে ভালই। কিন্তু রোগটা মহা রোগ কিসে হল? শুদ্ধ জুর বৈ ভোনয়।

পুরো। ওহো। তাই বল। এই যে তুমি ব্যবস্থা
দিতে শিখেছ এই যে। তবে আর আমাদের—তোমার
যে তা দেখগে—আর ডাকবে কেন? হাঃ হাঃ।
আরে অদৃষ্টরে। এ যে রামপ্রসাদ খুড় চাকরকে বিপ্র
পাদোদক আন্তে বলেছিলেন। তা প্রথম দিনতো—

ভোমার যে তা দেখগে—খুছে পেতে এনে দিলে। পর দিন চাইবামাত্র এনে দিয়েছে। উনিতো তৎক্ষণাৎ পান করেই জিজ্ঞাসা কচ্ছেন, "কিরে হলা, তুই কি "—ভোমার যে তা দেখগে—"কালকের সেই বিপ্র পাদেশদক কিঞ্চিত রেখে দিয়েছিলি নাকি? নচেৎ তুই এত দীন্ত্র কোখা পোলি?" হলা বলে "কেন মহাশয়, আমি "—ভোমার যে তা দেখগে—"বিপ্র পাদেশদক কর্ত্তে মিখিছি। তোমার আমীকাদে একবার দেখলে হলধরকে সে কাজ এড়ায়নি।" খুড় কপালে করাঘাত করে বল্লেন "বেটা তুই,—ভোমার যে তা দেখগে—আমার পরকালটা খেলি!" তা তুমিও তেমনি বাবছা দিতে শিখেছ। মনে করেছ যে বামুনরা মুখে বলে বৈত না, তাতেই যদি হয় তবে তুমি বল্লেই বা হবে না কেন। তা বস্! তবে আর আমাদের এখানে প্রয়োজন কি?

[ক্রোধ-লোহিত মুখে গাত্রোত্থান।

সীতা। মহাশয় ক্ষমা করন, ক্ষমা করুন, অপরাধ হয়েছে। এখন কি কর্ত্তে হবে বলুন।

পুরো। আপাততঃ হস্তায়ন—আর—তোদার যেতা নেখনে—এছ শান্তি ইত্যাদি। রোগ যদি পাপজ হয় তবেতো—তোদার যেতা দেখগে—এতেই আরোগ্য হবে, আর বৈদ্যের ঔষধির কিছু মাত্র প্রয়োজন নাই। আর যদি কর্মজ হয় তবে রক্ষা নাই। তা হলে প্রায়শিচত্ত তার পর—বৈতরণী ইত্যাদি। পরে—তোমার যে তা দেখগে—প্রাহ্মাদি যেমন রীতি।

[রাজ গুরুর প্রবেশ।]

গুৰু। কি হে তর্কালকার ভায়া, একি? সহারাজের জীবৎ শরীরেই আদ্ধ আদ্ধ করে ধুম লাগিয়েছ বে? কি প্রলোভন! কি অর্থ লিপ্সা।

সীতা। আসতে আজ্ঞা হয়। (সফীঙ্গে প্রণাম)

পুরো। তা আমরা তো—তোমার যে তা দেখগে— লোভী পাপী, যা বলেন তাই। কারণ আপনি যে ঘোর-তর সাধু ভাষাতে কথা কন্, তাতে—তোমার যে তা দেখগে —কার সাধ্য বল্তে পারে যে আপনার মরীরে কখনও পাপ স্পর্ম হ্রেছে।

গুৰু। না,না, তোমার লোভ লালসা কিছুই নাই। তুমি কেবল আশীর্কাদ কর্ত্তেই এসে থাক। তাল তা এই চিব্লকাল আশীর্কাদ করেও কি আকাজ্জা নিবৃত্ত হয়নি?

পুরো। নির্ভ না হলেও বড় ক্ষতি নাই, যেহেডু আমরা ক্ষুদ্র মশা। আমরা চিরকাল লেগেও কিছু কর্তে পারিনে। আর আপনি অশ্বহলুকা, আপনি একবার যাকে ধরেন প্রায় তার—তোমার যে তা দেখগে—পিড় পিও লোপ করে ছাডেন। গুৰু। তা যাক যাক, হয়েছে হয়েছে। তোমার সঙ্গে জামার বচসার প্রয়োজনাভাব।

পুরো। তাই বুঝলেই হল। ছন্দে উভয়েরই ক্ষতি।

[প্রস্থান।

্ডক। দেখ, সীতাপতি বাপা! তুমি পরম ধার্মিক। ভোমার সাক্ষাতে বলা নয়, কেন না ভাতে ভোষামোদ বোধ হয়, কিল্ক যথাৰ্থ কথা না বলেও থাকা যায় না। ভোমার বিদ্যা বৃদ্ধি বৃহস্পতি অপেক্ষাও অধিক। যখন তোমার সঙ্গে প্রথম সাক্ষাৎ হয় আমি তথনই তোমার মুখা-বলোকন করেই জানতে পেরেছি যে তুমি অদ্বিতীয় ব্যক্তি। বোধ হয় তোমার স্মরণ আছে, এ রাজ সরকারে তোমার কর্ম হবার মূলীভূতই আমি। আর সেই পর্যান্ত যথম ভোমার কথা উপস্থিত হয়, তখনই আমি মহারাজকৈ বলে থাকি যে মীতাপতি সামন্তের তুল্য ব্যক্তি অতি বিরল। সম্রতি রাজার সর্কস্থ তোমার হাতে। এক্ষণে এই সকল ভণ্ড লোক স্বাৰ্থ সাধনাৰ্থে নানা একার কৌশল করবে। কিন্তু সাৰধান। ভোনাকে আর অধিক কি বলব। এক্ষণকার কথা হচ্ছে এই যে রাজারতো চরম কাল উপস্থিত। এপৃথিবী হচ্ছেকর্মক্ষেত্র। মহুষ্য জয়ের প্রধান কর্ম হচ্চে আপনার ইফলেবকে তৃষ্ট করা। যে ব্যক্তি ইহকালে ইফলৈবকে তৃষ্ট করে, পরকালে ভগবান ভাতে তৃষ্ট হন। এই জন্মই বেদে পুরাণে ভূয়োভূয় বলেছেন যে "সর্বব্য গুরবে নদ্যাৎ"। তুমিত সকলই অবগত আছা। তৃমিতো সামান্য ব্যক্তি নও, আর সামান্য বংশেও তোমার ভন্ম হয়নি।

সীতা। সেকি? মহাশয়ের কথার মর্মাকি? হাম-শয় কি এয় তই রাজার এই রাজত্বে এত্যাশা করেন নাকি?

গুক। না, না, না-বলি-তা-দে-রাজার এই রাজত্বের প্রত্যাশা—করা— (নশ্যের শামুক অঙ্গুলি দ্বারা তুইবার আঘাত করিয়া নশ্য লইরা হাঁচি) তা ভাল তা—সেই প্রত্যাশাই যদি করা হয়, তাওতো শাস্ত্রবিষদ্ধ বলা যায় না। (পুনরায় হাঁচি) আঃ শরীরটে বড় অপটু হয়েছে। শেষ কাল,শ্লেষ্মার বৃদ্ধির সময়, নিতা রোগ! [কাশি।

সীতা। মহাশয় বলেন কি?

গুৰু। ভাল তা যাক তাইই নাছক। অৰ্দ্ধেকের তো আর কথানেই।

সীতা। মহাশয় এ সকল কথার আমি কিছু বলতে পারিনে। মহারাজের বিবেচনায় যা ভাল হয় তাইই হবে।

গুৰু। হাঃ হাঃ! আবে তা বুকেছি। তোমরা চুই চারিটে ভাল ভাল পরগণা বৃত্তি দিয়ে সারতে চাও। তাবা ভাল হয় ভাই কর। কিন্তু এটা স্থির জানবে যে এই রাজার শেষ কর্ম, আর এতে রাজারই উপকার। আমি আর কত দিনইবা বাঁচব, আর এই বৃত্তি লয়েই বা কি করব (জৃত্বণ ও অঙ্গুলি স্ফোটন) দুর্গে! দুর্গতিনাশিনী। তারা, নিস্তার কর মা। তবে আমি এক্ষণে চল্লেম।

প্রস্থান।

সীতা। (ইতন্ততঃ বিচরণ) হার হার। কি তুর্ভাগ্য। এ জগতের প্রধান স্থপ যে বন্ধুতা, ধনী লোক মাত্রেই সে মুখে বঞ্চিত। মৃত্যু কালে সন্তান সন্ততিও রোদন তুলে "বাবা আমার কি করে গেলে" এই জিজ্ঞাসাতেই ব্যন্ত থাকে। এই যে তিন জন এল আর গেল. এরা রাজার নিমিত কেউই ছংখিত না। কেবল স্বার্থ। আর স্বার্থ জন্য পরস্পার বিরোধ। কি আশ্চর্মা! যেমন জগত সমূহ মাধ্যাক্রণের বাধ্য, তেমনি জীব সমূহ স্বার্থের বাধ্য। কিন্তু প্রত্থাং, অর্থাৎ যার দ্বারা চির মঙ্গল সাধন হবে, সে যে কি তা কেউ ভাবে না। সামান্যতঃ স্বার্থ জ্ঞানে লোক যার যতু করে তাতে প্রায়ই শেষে অমঙ্গল ঘটে।

প্রস্থান।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

জোয়ানপুর সীতাপতি সামস্তের বৈঠকখানা। সীতাপতি সামস্ত ও রুদ্রেপ্রতাপ সিংহের প্রবেশ।

কন্ত। মন্ত্রী মহাশয়! কি অনুমতি হয়?
সীতা। বাপু! আমিতো অনেক দিন বলেছি,
এ বিষয়ে আমার হস্তক্ষেপ করবার অধিকার নাই।
কন্ত । সে কি? আপনার কন্যার সহস্কে আপনার
এ কথা কি সন্ধৃত হতে পারে?

সীতা। তা আমি কি তোমাকে মিখ্যা বল্ছি? এ বিষয়ে আমি তাঁকে সম্পূর্ণ স্বাধীনতা দিছেছি। তাঁর ইচ্ছা হয় বিবাহ করবেন, না হয় না করবেন। আর ষেপাত্র তাঁর আপনার মনোনীত হবেন তাকেই তিনি বিবাহ কর্ত্তে পারবেন, তাতেও আমার কোন প্রতিবাদ নাই। আমার শুদ্ধ এই এক কথা যে তাঁর বিবাহ জন্য আমার বংশ ম্ব্যানার হানি না হয়।

কন্ত্র। তা আমার সঙ্গে বিবাহ হলে আপনার বংশ-মর্যাদার হানি হয় ?

সীতা। না, না, না, মহাতারত ! সে কি কথা?
প্রথমতঃ তোমরা অতি এধান ঘর, দ্বিতীয়তঃ তোমার
পিতা—আহা! কি মানুষই চিলেন।—তাঁর সঙ্গে আমার

বিশেষ বন্ধুতা ছিল। তায় আবার তুমি এমনি স্থপাত্র যে, রাজা তোমাকে পিতার উপযুক্ত পুত্র জেনে, এই তকণ বয়সে তোমাকে তোমার পিতার পদে নিযুক্ত করেছেন। অতএব তুমি যে আমার কন্যার পাণি গ্রহণ কর সে আমার সৌভাগা। সেইই আমার প্রার্থনীয়। তুমি আমার কন্যাকে সম্মত কর্ত্তে পাল্লেই আমার আর কথা নেই।

কদ। মহাশর, সে চুংখের কথা কি বল্ব! আমি তাঁর কাছে বারম্বার একথা উপস্থিত করেছি। তাতে যেমন রূপণ লোক যাচকের ছুংখের বিবরণে মনোযোগ করে না; বরং বিরক্ত হয়, আপনার কন্যাও তক্সপ। আমি যখন পরিণর সম্বন্ধে কথা উপস্থিত করি, তিনি ভাব ভঙ্কির দ্বারা এমনি অস্তুধ প্রকাশ করেন যে বোধ হয় আমি চলে গেলে তিনি বাঁচেন।

সীতা। (নেপথ্যে দৃষ্টি করিয়া) এই যে আমার মা আস্চ্ছেন।

[মানময়ী ও চপলার প্রবেশ।]

মান। বাবা, একি! আপনার চেহারা মলিন হয়েছে, আপনার মাখার চুল অনেক পেকে গিয়েছে। সে দিন যে আমি আপনার মাখার সমূদ্য পাকা চুল বেছে দিছলেম, আজ দেখছি ভার দ্বিগুণ চুল পেকে গিয়েছে। আর এই কয় দিনেতে আপ নার বয়স যেন দশ বচর রিদ্ধি হয়েছে। কেন বাবা এমন হল। (চুলে বিলি দিয়া পাক। চুল বাছন)

সীতা। আঃ! যার মানেই তার স্বদেশও বিদেশ,
নিবাসও প্রবাস। মা! আমার শরীরে এরপ চিন্তার
চিহ্ন প্রকাশ হবার অনেক কারণ আছে। কিন্তু সে সকল
আমি তোমাকে দেখে ভুলে গিয়েছি। তুমি আর সে
কথা তলনা।

চপ। ওমা। সে কি গো। আপনি কিজন্যে কাছিল হয়ে গেলেন, আপনার শরীরে কোন রোগ হল কি মনে কোন হুংথ হল, যভক্ষণ তা না শুন্তে পাব, তভক্ষণ আমাদেরই বুকের ভিতর যেন বেরালে আঁচড়াবে, তা উনিতো আপনার নেয়ে।

সীতা। কি? কি? কি? বুকের ভিতর বেরালে আঁচড়াবে? হাঃ হাঃ হাঃ। ফটিকের স্তম্ভের ন্যায় চপলার অন্তর বার সমান ২ফছ। ও যে কথাটি বল্ছে এটি ওর মৃনের কথা। ভাচপলা! তোমার ননদ নাকি বড় ঝকড়াটে?

চপ। (অবনত মুখী ও ঈষৎ হাস্য) ওমা! একথা আবার আপনার কানে কে তুলে দিলে। ওমা কি লজ্জা! কি লজ্জা। সীতা। তা আমার কানে যেই ভুলুক। ফল ঝকড়া করে কি না?

চপ। (বাইরের দিগে মুখ ফিরাইয়া ঈষৎ হাস্যের সহিত) ভাকরে বটে, কিন্তু সে কেবল আমার পিসী শাশুভীর সঙ্গে।

সীতা। কেন, কেন, তে[†]মার পিসী শাশুড়ীর সঙ্গে কেন?

চপ। আমার পিসী শাস্ত্রজী আমার শাশুজীর সঙ্গে ককভা করে বলে।

সীতা। কেন, তোমার পিসী শাশুড়ী তোমার শাশু-ড়ীর সঙ্গে ঝকড়া করে কেন?

চপ। (হাস্যের সহিত) আমার শাশুড়ী যে আমার শৃশুরের গলায় জাঁচল বেঁধে টানে।

সীতা। হাং চাং হাং (সকলের হাসা) সে কি? সে কি? তোমার শাশুড়ী তোমার শশুরের গলায় আচল বেঁধে টানে কেন?

চপ। আমার শৃশুর গাঁজা গুলি থেনে, আর প্রমারা থেলে, আমার শাশুড়ীর গয়না টয়নাসর শুইয়ে ফেলেছে। ভাই আমার শৃশুর যখন নেশা করে ঘরে এসে ভিরের ভাত না পায়, তখনই ছু এক কথা যেন বাজির পলুতের মতন ধরে উঠতে থাকে। শেষ সেই গয়নার কথা এসে পড়ে আর একেবারে যেন বোমের গঞ্জে হেলের গঞ্জে আগুণ লাগে। আমার শৃতরতো গুলি গাঁজা খেরে হাড় সার,
গারে এক রভিও শক্তি নেই। আমার সাশুড়ী ছুটে
গিয়ে তার গলায় না আচল বেঁধে এক টান দিয়ে কেলে
দায়ে, কেলে দিয়ে শেষ সার। উঠন টেনে নিয়ে বাাড়ায়।
আর আমার পিসী শাশুড়ী "আমার ভাইকে মেরে ফেল্লে
আমার ভাইকে মেরে ফেল্লে " বলে কোথা আপনার
ভাইকে ছাড়িয়ে নেবে, তা না হয়ে নিরিবিচ্ছিরি কিবল
আমার শাশুড়ীর চুল ধরেই টান্তে থাকে। এদিগ
থেকে আবার আমার ননদ "মাকে খুন কল্লে, মাকে খুন
কল্লে " বলে আমার পিনী শাশুড়ীর চুল ধরে টানে।
এই রক্ষে আমার শুভরকে এই কজনে দিলে যেন
রাস্তার কল টানার মতন চৌপর উঠন টেনে নিয়ে
ব্যাড়ায়। (কল্লেপ্রতাপ বাতীত সকলের হাস্য়)

সীতা। দেখ, চপলার কাছে এক কথা ছিজ্ঞাসা করে কত কথা শুন্তে পাওয়া গেল।

মান। সে যাহক, ববো, আপনি হাস পরিহাসে আপনার ছুন্চিতা যত গোপন করবার বত্ব কচ্ছেন, আনার ততই ভয় হচ্ছে।

মীতা। আমার ছুশ্চিতার কথা ওনে তুমি তার কি করবে? হৃদ্ধ এই একটা বিপদ দেখ যে রাজার তে। মুমূর্যাবন্থা, এখন রাজোর কি উপায়? একটা কিছু বিপ্লব হলেই, তলোয়ারের প্রথম আঘাত আমার উপর।

চপ। হে মা ছুৰ্গা। এখন যেন না হয়।
মান। তা বাবা এখন বলে হবে কিলে।?
দীতা। মহারাজ্যে উত্রাধিকারী দ্বির হলেই হয়।
মান। কৈ এখনতো কেউ নেই। বাবা তবে কি
হবে? মহারাজের পরে কে রাভা হবে?

সীতা। সেইতো। তার আরতো কোন উপায় নেই, তবেরাজকনাকে কোন সংপাত্তে বিবাহ দিয়ে তাঁকে উত্তরাধিকারী করা। এমন একটি রাজপুত্র চেন্টা কতে হবে।

মান। (চণ্ডি ভাবে) কোন্রাজপুত্র, কোন্রাজ-পুত্র ?

সীতা। তা কত রাজপুল্র আছে। বিজয় নগরের রাজার এক পুল্র আছে, লক্ষ্পপুরের রাজার তিন পুল্র আছে। তা এ সকল গোপনীয় ক্থা এতে তোমাদের প্রয়োজন নেই।

মান। (স্বগত) আর যে হয় হক্গে, আমাদের রাজকুমার না হয়। তা হবে না, তিনি এ রাজার বৈরিপুত্র।
তিনি যে জীবিত আছেন, রাজা তাও আনেন না। যাক,
সে ভয় নেই। (একাশে) তা আমি শুন্তে চাইনে,
কেন না গোপনীর কথা প্রকাশ করে শ্রোভাদের মনোযোগের আর আদরের ভাজন হতে ইক্ছা হয়ই। এতে
নেয়েদেরই দোব দের বটে কিন্তু এটা সকলেরই স্বভাব।

তবে কেউ বা দ্যোগ খুছে নিষে প্রকাশ করে, আর কেউ বা সুযোগ উপদ্ভিত হলে প্রকাশ করে। আবার গুপ্ত কথা প্রকাশ হলে যে যে অবগত আছে সকলেরই প্রতি অবিশ্বাস হয়।

সীতা। মা আমার যেন সাক্ষাং বেদমাতা। তা তুমি এখন কি নিমিক্ত এসেছিলে?

মনে। আমি আপনাকে কয়েক দিন দেখিনি। তার বালিকা শিক্ষার একটি ভাগ ঘর না হলে চলে না।

সীতা। আচ্ছা সত্রই হবে। মান। তবে এখন ষাই।

[চপলা ও মানময়ীর প্রস্থান।

[এক জন দূতের প্রবেশ।]

দৃত। মন্ত্রী মহাশয়! রাজ বাড়ীতে যত প্রধান প্রধান রাজ পুক্ষদের সমাগম হয়েছে। তাঁরা সকলে আপনার অপেকা কচ্ছেন।

সীতা। (কন্দ্রপ্রতাপের প্রতি) বোধ হয় রাজার চরম কাল উপস্থিত। অভএব তুমি গিয়ে শীঘ্র প্রস্তুত হয়ে এস। আমি চল্লেম !

[মন্ত্রী ও দূতের প্রস্থান।

ক্রে। আহা! কি চমৎকার রূপ। আজ বেমন আমারুমন মোহিত হয়েছে এমন আর কথনও হয়নি। প্রিস্থান।

ভূতীয় গৰ্ভাঙ্ক।

উক্ত স্থানে, রাজার উপবেশন কন্ধ।
ক্রাজা পর্যস্কশারী; দী ভাপতি দামন্ত, তুই জন
রাজ পুরুষ, চোপদারগণ, হরকরাগণ আদীন।

সীতা। মহারাজের এই অবস্থা হওয়াতে এ রাজ্যের প্রতি ঘরে ঘরে রোদনের ধনী হক্তে, বোধ হয় যেন প্রতেজ পরিবারের প্রধান পুক্ষ মুদুর্ছ। যে সকল জুন্টা রাজা এভ দিন মহারাজের প্রতাপে দিবসের তারাগণের ন্যায় গুপ্ত ভাবে ছিল, তারা এখন নিজ নিজ কদভিসন্ধি স্থানিক করণে বাস্তা হয়েছে। দেশের বিপক্ষরা স্থানে স্থানে গুপ্ত সভা করে ক্মন্ত্রণা কর্ত্তে আরম্ভ করেছে। এই সকল কারণে পশ্চিম ও দক্ষিণ বিভাগের রাজ পুক্ষ গণ ভীত হয়ে মহারাজের নিকটে এসেছেন। এঁদের এই প্রার্থিকারী নিয়ক্ত করেন।

রাজা। রাজপুকষদের আমার নিকটে; আসতে বল। (উপাধন অবলঘনে উপবেশন)

প্ররা। (নিকটে আসিরা) মহারাজ! আমাদের ভাগ্য ক্রমে যদি একটি রাজকুমার থাকতেন, তবে আমরা মহারাজকে, এ, সময়, বিরক্ত করতাম না। দি রা। মহারাজ! যেমন প্রস্থানিংসা অভাবে ভার কুদ্র কুদ্র শাবকপুঞ্জ ছিন ভিন্ন হরে, নানাবিধ শক্রব দ্বারা বিন্ত হয়, মহারাজের প্রভাসমূহ সেই অবস্থায় পাত-নোমুণ; স্থাভরাং আব্রা মহারাজকে এ সময়ও ক্লেশ দিতে সাহস করেছি।

রাজা। এই নিনিত্ত আমিও তোমাদের সহিত পরা
যর্গ কর্ত্তেই কছা করেছিলাম। এগানকার ভূতপূর্ম রাজা

যাধব সিংহের দৌরাত্মা সহা কর্তে অক্ষম হয়ে, তোমরা

আমাকে এই রাজা বল দারা অবিকার কর্তে আওভান

কর। আনি এ দেশের প্রতি কগনও পরাজিত দেশের

নাায় বাবহরে করি নি। এই জন্য আমি ভর্মা করি যে

ভোমরা আমার এই ক বি রক্ষা করবে। আমার বাসনা

যে আমার কন্যা ভারাবতীকে একট উপযুক্ত পাত্রে দান

করে, ভাকেই উত্তরাধিকারী, নিযুক্ত করি।

প্ররা। আমরাও এই কার্য্য কর্ত্তব্য বিবেচনা করি। মহারাজ, একটি পাত্র মনোনীত করেছেন কি?

রাজা। মন্ত্রীবর!

मील। जारक?

রাজা। আমি যখন মহারাজা মাধব সিংহকে মুদ্ধে নিহত করে এই রাজ্য অধিকার করি, তথন তাঁর ছটি। শিশুপুত্র থাকে, তাদের—

সীতা। আজে মহারাজ তা ছিল বটে-তা-তা-আমি

বলি এ চুটি নিশু এদের কোন দোষ নেই, তাই বলি-

রাজ্ঞা। আবে তা তুমি এত কুঠিত হক্ত কেন? আমি পাছে তাদের কোন অনিষ্ট করি, এই শঙ্কা প্রযুক্ত তুমি তাদের এখান হতে গোপনে—

সীতা। (কর যোড়ে) আন্তেম মহারাজ। তাতে আমার মনে কোন কর্মিসন্ধি ছিল না।

রাজা। আমি অধিক কথা কইতে পারিনে। তোমার প্রতি আমার কোন অসস্তোষের কারণ নেই। বরং আমি এই জানতে চাই যে ভাদের মধ্যে কেউ স্নপাত্র বলে পরিগণিত হতে পারে কি না?

সীতা। মহারাজ! জোষ্ঠ গিরীক্স সিংহকে আমি
আপনার নিকটে, ও কনিষ্ঠ জয় সিংহকে স্থানাস্তরে
রেখে, সর্জ শাস্ত্র, রাজনীতি, ধনুর্বেদ ইত্যাদি অধায়ন
করিয়েছি। গিরীক্র সিংহের তুলা রূপ গুণ উভ্চের
উৎকর্ষ একাধারে মিলিত দেখা যায় না।

রাজা। ভাল, যদি তিনি আমার কন্যার পাণি গ্রহণে অসমত না হন, তবে তিনিই আমার উত্তরাধিকারী। নচেৎ তাঁর কনিষ্ঠ। আ--- আর---

্ উপাধান হইতে শয্যায় পতন ও মূর্চ্ছ। ভূত্যগণ পালঙ্গ বহন করিয়া ও অন্য সকলের প্রস্থান। নী - 29ন) Acc ১১৬৫৯ সংবৰ/২০৬৬ দিতীয় অঙ্ক।


প্রথম গর্ভাঙ্ক।

জোয়ালাপুর, দীতাপতি সামন্তের বাটী। দানময়ীর মহল, বিমলার প্রবেশ।

বিম। এতে। দেখি ভারি কারখানা হয়ে উঠছে।
মানমনীর জন্যে কুমার গিরিজ সিং আর সেনাপতি
কক্তপ্রতাপ সিং তুজনাই সমান উন্নাদ। যে নিরাশ হবে
সে জন্মের মতন বাবে। তা বেতে কক্তপ্রতাপ বেসারাই
যাবে। মানমনীতে রাজকুনারেতে এমনি পিরীত যে তুদপ্ত
না দেখলে যেন বড়সি গোলা মাছের মতন অন্থির হয়ে
পড়ে। এই জন্যে রাজ কুমার আপন ঘরের দেয়ালের
গায় এমন একটি দরজা তৈয়ার করে নিয়েছেন যে, বন্দ
কল্লে আর কিছুই জানা যায় না। সেই তুয়ার দিয়ে এসে
মানমনীর সঙ্গে দেখা করেন। এ সব কথা মন্ত্রী মহাশয়
কিছু জানেন না। কিন্তু এখন এর। যে রক্ম বাড়াবাড়ি
আরম্ভ করেছেন, তাতে আর ছাপা রয় না। অংগে
কেবল দিনে আদ্তেন এখন রাবেও আসেন। এখন ভো
রাজা মরেছেন। আর রাজকুমার রাজকুমারীকে বিয়ে
করে রাজা হতে চল্লেন। এক বামানমনী গুনবে আর

२२





মানময়ীর প্রবেশ i

মান। কি বিমলা? যেন পাঁচাশী বচুৱে তৃড়ীর মত ঘরে বনে আপন মনে কি বকচ?

বিম। এ কি? আনোদের ভরে যে চলে চলে পড়চ। যেন সাতালের মতন টল টল চল চল হচ্ছে যে। (স্থগত) অতিশয় কিতুই ভাল নয়।

মান। স্থি! আজকে আমাকে কিছু বলও না। আজকে আমার সাতখন মাপ।

বিম। ব্যাপারখানা কি ?

মান। গত রাত্রে রাজকুমার বলেছিলেন যে কাল ুহোলি, কাল উদানে আমোদ কর্তে হবে। সকলে আবীর কুম্কুমে বিভূষিতা হয়ে আমরা নাচব গাইব, আর রাজকুমার সঞ্চত করবেন।

বিম। এটা কিছু বাড়াবাড়ি হচ্ছে, এতদূর গণ্ডির বাইরে গেলে রাক্ষ্যে ধরে। কেন উদ্যানে কেন, ঘরে ব্যেহতো এ আমোদ হতে পারে ?

মান। নানা, গণ্ডির বাইরে যাব না। তবে গণ্ডি-টেকেই আজ একটুকু বাইরে ফেল্তে হবে। হাঃহাঃ। নানা, মুখ ভারি করও না। তুমি এত ভর্তিচ্ছ কেন? উদানে কি? যে পথ দেখে চলে, সে অনায়াদে পাহাড় পর্বত উল্লেখ্যন করে আসতে পারে। আর যে না দেখে চলে, সে ঘরের মেজেতে ভূঁছুট খার। আর এমন দিনে যদি আনোদ না করব, ভবে বাবা এত বার বাসন করে আমাদেরকে নৃত্য গীত শেখালেন কেন ?

বিমা। (স্বগভ) হায় হায়! কি পরিভাপ! পাখি ডালে বদে আনন্দে গান কদ্ছেন, জানেন না যে এদিকে ব্যাধ তির যুড়েছে। (প্রকাশো) ভোমার যেমন ইচ্ছে।

মান! না না, স্থি! মন খুলে কথা কও, আমার মাথা খাও। কেন এমন পূর্ণ শশী আজ অকাল মেঘে চাকলে কেন ? স্থি! আজকের দিনটে আমাকে মাপ কর। আহা! আমি আর চপলা আজ উদানে গিছলেম। আমরা যেই প্রবেশ করেছি, আর যেন ঋতুরাজ বসন্ত মলর-হিল্লোল আরোহণে এসে নামলেন। অমনি ফুল সকল মাথা হেঁট করে তাঁকে নমস্কার কর্মো। কোকিল সকল জয়ধনি করে উঠল। আবার সরোবরে কনল বনে অলিদল সধুর গুণ গুণ রবে এমনি জমিয়ে তুল্লে, মেন আজ কোন নাটক অভিনয় হবে তাই সমবেও বাদের স্কুর বাঁধলে। সেই সরোবরের ঘাটের মালতীলভামপ্তিত চাঁদনি বেন রঙ্গ ভূমির নায় বোধ হতে লাগল। সেই থেনে আজ আমাদের অভিনয় হবে।

বিম। চপলা কোথা?

মান। চপলা বড় মহলে গিয়েছে। সেগানে রাজ

বাড়ীর কি খবর এসেছে, সব লোক ছুট ছুটি কচ্ছে। ভাই জানতে গিয়েছে।

[চপলার প্রবেশ।]

চপ । রড় খুসির কথা। বিম ৷ কথাটাই কি ? বল না! চপ ৷ রাজানরেচে ।

্বিম। আমিরণ! তুমিও ঐ সঙ্গে সহমরণ যেতে পালনি ? রাজা মরাটাবুলি তোমার খসির কথা?

চপ। আরে তানয়। বলব তবে ? আর আমাদের রাজক্মার না কি রাজা হলেন। (মানময়ীর মৃদ্ধ্র্য) একি. একি, পাকাঘাত হল নাকি ?

বিষ। নামাপকাঘাংনামূহ্ছা। তৃষিশীতাপাখা নিয়ে এস।

চপ। (বাতাস দিতে দিতে) কেন? মৃচ্ছা গেল কেন? বিসলা ভোল দটি পায় ধরি বল। আমার মন কেমন কচ্ছে। আমি তো কিছু ভাল ছাড়া মন্দ বলিনি, ডুমি তো সব শুনেছ।

মান। গোরোপান ও মস্তকে হাত দিলা উপবেশন)
আহা! সথি! আমি জন্মের মত গিয়েছি। আমি
চির দিনের তরে অক্ষর অনলে পড়লেম। এই এথনি
ফুলের শব্যায় বিহার করছিলেন, আর এ জন্মের মত
নিরিড় কাঁটা বনে পড়লেম। আমি বিবাহের বেশ ভূষা

করে, অন্তর্জনে শয়ন কর্ত্তে চল্লেম ! (উপাধানে শির নত করিয়া অক্ষুট্ট স্বরে রোদন।)

(গুপ্ত দার খুলিয়া গিরীন্দ্র সিংহের প্রবেশ ও ঐ দার বন্ধ।)

গিরী। একি, একি!

চপ। কে জানে ভাই আমি তো কিছু মন্দ কথা বলি নি। মন্দ কথার মধ্যে বলেছি যে রাজা মরেছেন।

গিরী। সে কি ? রাজার যে এ রোগে নিস্তার নেই এ কথাতো অনেক দিন জানা গিয়েছে। এ কথাতো আমার সঙ্গে প্রত্যাহ হয় ?

চপ। তা আমি মন্দ কধার মধ্যে তাই বলেছি। আর যা বলেছি সে ভালই বলেছি। আর বলেছি রাজকুমার রাজা হবেন। এতে যদি মন্দ হয় তো নাচার। কেমন কিনা? ভাই বিমলা, তুমিই বল।

গিরী। ওহ! এই জন্যে। মানময়ি! তোমার এখনও এত ভ্রান্তি! এখনও কি আমার মন জানতে তোমার বাকী আছে?

চপ। ওমা! এ আবার কি? রাজকুমারও উন্যাদ হলেন নাকি? ইনি যে ঘরে আগুণ লাগা মানষের মতন হাত পা আছড়াতে লাগালেন যে। বিমলা তুইও যে দেথি বড় ভারিকি হলি। আমি এত বলছি কথা কমনে কেন? বিম। তুই ভাই হন্দ কল্লি। চপলাতো চপলা। চপলা যেন বড় বড় অক্ষরে তোর কপালে লেখা রয়েছে।

গিরী। আমার কথা তুমি অবিশ্বাস কর কেন? আমার কোন কথা কখনও মিথা হয়েছে ?

মান। রাজকুমার! একি সাধারণ কথা? আপনি কেন বঞ্চনা করেন? আপনি কি আমার জম্যে রাজত্ব ছাড়বেন?

গিরী। কি ? ভোমার জ্বন্যে রাজত্ব ত্যাগ কর্তে পারি নে ? রাজত্ব দূরে থাক, ইন্দ্রত্বাগ কর্ত্তে পারি।

মান। আপনি আপনার প্রকৃত অবস্থা বুবাতে পাচ্ছেন না। মনে কফন আপনি রাজসিংহাসনে বসে, রাজাগণ ও রাজপুক্ষগণের মধ্যে থেকে, আমার মতন একটা সামানা রমণীর নাম কর্ত্তে আপনার লজ্জা হবে। বিশেষ্টা আপনি রাজকন্যাকে বিবাহ না কল্লে তো রাজা হতে পারবেন না।

গিরী। মানময়ি! তুমি শুদ্ধ কুম্মা দেখে ডরিয়ে উঠছ, আর আমাকে অসুখী কর্চ্ছ। তুমি নিশ্চয় জেন যদি জীবন অপেকা এ সংসারে আর কিছু অধিক মূল্যবান বস্তু থাকে তবে তার জন্যে আমি তোমাকে তাগি কর্তে পারি। নচেং না। আমি যদি রাজা ইই তবে তুমি রাণী! এতে আর হিধা দেই।

মান। আপনি যা বলছেন বোধ হয় সেই এক্ষণে

আপনার মনের কথা। কিন্তু দেখানে গেলে আপনার মনই যদি ফিরে যায় – যদি কি, ফিরে যাতেই!

চপ। মাগোমা। যা হোক ধরি মেয়ে বটে। ভাই
বিমলা! ভাই বলতে কি ভাই আমাদের এঁর সকল
কথাতেই কিছু বাড়াবাড়ি দেখছি। আহা! এ দেখ
রাজকুমারের চোখ ছল চল ককে। "তোমার মন
যদি ফিরে যায়" আরে তা উনি হলেন পুরুষ ভোমরা
জাতি। তা ওঁর মনই যদি ফিরে যায়, তবে কি তুমি
এখন ওঁকে পুলিশে দেবে, না পেয়দার হাওলাতে
দেবে? দ্যোখনা! রাজকুমার এত বলছেন তবু হবে না।
উনি কি দিবিব করে মিথো কথা কচ্ছেন?

গিরী। (হতাশ হইয়া উপবেশন) হায় হায়! কি পরিতাপ! আনি আমার পৈতৃক সাম্রাক্তা পুনরায় পাব, এ স্থেবর সংবাদ পাবা মাত্র এখানে চলে এলেম। দূতকে একটি কথাও জিজ্ঞাসা কর্জে বিলম্ব কর্লেম না। কেন না মানমন্ত্রী যাবং স্থাখের তাগী না হন, তাবং আমি কোন স্থাই আম্বাদন কর্জে পারি নে। তা আমি এখন দেখলেম যে আমি যে সংবাদ স্থাখের আকর বলে জ্ঞান করেছিলেম সেই আমার অস্থাখের মূল। তবে আমার এ রাজজ্জে প্রয়োজন নেই। যে সকল রাজা রাজপুরুষ ও প্রধান কর্মনারীগাণ আমাকে আহ্বান করেছেন আমি তাঁদের কাতে লিখে পাঠাই যে আমি রাজত্বের অভিলাষী নই।

মান। (রাজকুমারের মুখপানে দ্বির ভাবে দৃষ্টি ও পর্যার হইতে গাত্রোপান, ও স্বীর হস্ত দ্বরে রাজকুমারের দক্ষিণ হস্তধারণ) আমার অপরাধ হয়েছে। আমি নিখ্যা সন্দেহ করে আপনাকে ক্লেশ দিয়েছি। তা কি করি, অতি যত্ত্বের বস্তুর সধক্ষে প্রকৃত বিপদ না থাকলেও কাম্পনিক বিপদ ভেবেও লোকে ভীত হয়। অক্লকারে যা দেখা যায় তাইই সাপ, বাঘ, ভূত, প্রেত বলে জ্ঞান হয়। কেননা জীবন অতি যত্ত্বের ধন। যাহক আমাকে ক্ষমাকর, আমি তোমার বিরস মুখ দেখতে পারি নে।

গিরী। আহা বাঁচলেম। এতকণ আমার হৃদয় যেন শুক্ত জলাশরের মংসেরে ন্যায় বিকল ও হতাশ হয়েছিল। এতকণ আমার মনের যেন ভ্রমি হয়ে দশ দিক
অন্ধ্রকার দেখছিল। তুমি আর আমাকে অবিধাস করও
না। পৃথিবীর রাজত্ব কি ছার, আমি তোমার জন্যে
অর্গের রাজত্ব তাগি কর্তে পারি। তবে একণে আমি
চল্লেম। মন্ত্রী মহাশ্য় আমাকে এখনি খুজবেন।

চপ। সেকি গো! এই এত করে মানমন্ত্রীর মান ভঙ্গ করেই অমনি চল্লেম? ভাগ্গিশ মান হয়েছিল, তা নৈলে আপনার তো দেখি এখানে কোন কাজের কথা কিছুই ছিল না। তা মান হবে বলে তো আগে জানতেন না। তবে আপনি কি মনে করে এসেছিলেন বলুন দেখি? কালকের এত কথা সব তলিয়ে গেল? বিষ। কি, কালকের কি কথা ? আমোদ ? তোমার যম কি চখের মাথা গেয়েছেন ? এই শুন্তে পাস্ছ রাজা রেছেন, তবু আমোদ ?

চপ। কেও? পণ্ডিত মশার? প্রাতঃপ্রণাম। আপনার যে বিদ্যা হয়েছে, আপনি এখন টোল কল্পে পারেন।
এক গাঁরে টেকি পড়ে আর এক গাঁরে মাথা ব্যথা; রাজা
মব্রেছে বীরনগর, আমরা কাঁদি জোয়ালাপুর! আমি,
রাজাকে কখনও দেখি নি। যার চথে জল বেশি হয়ে
চথ টাটিয়ে থাকে, সে রাজার জন্যে কাঁচুক গে। আমাদের
রাজকমার রাজা হয়েছেন আমরা আমাদ করি।

গিরী। চপলা স্থীর কথা শুনতে আরাম আছে। যেমন ফুল বন হতে বাতাস বহন হলে তার সঙ্গে ফুলের সেরিভ পাওয়া যায়, তেমনি চপলা স্থীর কথার সঙ্গে মনের সরলতা যেন প্রতাক্ষ হয়।

[প্রস্থান।

মান। স্থি! তোমরা রাজকুমারের মনের ভাব কি বিবেচনা কর ?

বিম। রাজকুমারের কথাতো মিথা বা কপট বেধ হয় না। তবে মান্ধের মনের কথা এমনি অনিশ্চিত যে যার কথা সে নিজেই সকল সময় ঠিক করে বলতে পারে না।

চপ। মানুষের মনের কথা মানষে বলতে পারে না

ভবে কি ছাতি বোড়াতে বল্ডে পারে? আমি দিকি করে বলতে পারি রাজকুমার যা বলছেন এই বি আছা! তাঁর চধ ছুটি জলে ভাস্তে লাগ্ল।

মান। চপলার মনটা যেন কাশী। কি পুণ্যবান বি
পাপী, কি পুৰুষ কি মেয়ে, যে মরে সেই শিব হয়। চপলা
মনে যে কথা ভাল লাগল সেই সভ্য কথা যে মান্ত্র ভাল
লাগল সেই সং মান্ত্র। সে যা হক আমার অদৃষ্টে গৈ
কি আছে কিছুই বলা যায় না। শিক্ষক মহাশয় বলে
যে স্থলে অমঙ্গল বারণেরও কমভা নেই, মঙ্গল সাধনেরও
কমভা নেই, ভাতে মঙ্গলের আশা যত বলবতী করে
পার আর অমঙ্গলের ভয় যত দূরে রাখতে পার ভাগ
করবে। কিন্তু তা হয় না। আশা অপেকা ভয় সভাবত
অনেক প্রবল। আশা নিমন্ত্রিত বন্ধুর ন্যায় সমাদশে
আসে, অনাদরে যায়। ভয় দাহল শক্ত, আপনি এল
আক্রমণ করে আর চেষ্টা করেও দূর করা যায় না।

[সকলের প্রস্থান।

দিতীয় গভ কি।

উক্ত স্থান গিৱীকের ছব্যু । সীতাপতি ও গিরীকের *অংক্ত*

সীতা। রাজকুমার! আছে আহার হর মিনের হয় এক দিন। আমার চিরবাসনা, আমার বহু মিনের হয় এক আরাদ, আজ সকল হবে। রাজা রামণান সিংঘের পরলোক হয়েছে। তিনি আপনাকে উত্তরাধিকারী মনো-নীত করে গিয়েছেন। তাঁর কন্যাকে আপনার প্রতি সম্প্রদানের অসুনতি দিয়েছেন। অদ্য আপনাকে সিংহা-সন্দে অধিরোহণ কর্ত্তে হবে। এই উপলক্ষে সকল অধীন রাজা ও রাজপুরুষ এবং প্রজাবর্গ সকলে রাজ ভবনে সমবেত হবেন। অভএব আপনাকেও উপস্থিত হতে হবে।

গিরী। মন্ত্রীমহাশর! আপনি আমার প্রতি ও আমার উপলকে আমার বংশের প্রতি যে উপকার করেছন, তাতে আপনি আমার পিতৃতুলা। আর আমার পূর্ব পুকষ ও সন্তান সন্ততির পরম বন্ধু। অভএব আমি এই কৃতজ্ঞতার প্রমাণের স্বরূপ আপনার কন্যা মানময়ীকে আমার এই সোভাগ্যের অংশী করব।

সীতা। (স্থগত) ছরিবোল, ছরি! যাঃ! আমার এত আশা ভরসা, আমার চির দিনের কৌশল স-অ-অব বিফল ছল। হা হত ছাগ্য বীরনগর! আমার ছারা তোমার কিছু উপকার হল না। হে ভগবান! এই যুবকের মন স্থাথে লও। (প্রকাশ্যে) সেকি কথা! মৃত রাজার অসুমতির অন্যথা কি হতে পারে?

গিরী। যদি না হয় তবে আমি রাজ্যাভিলাষ করি নে। আর কেনই বা হবে না? কার ভয়? রাজা হয়ে যদি প্রজাকে ভয় কর্ত্তে হয়, তবে রাজা শব্দই বে অপ্র-সিদ্ধ।

মীভা। (স্বগভ) নাঃ ইনি সহজেরাজা হবেন না।
(প্রকাশ) তবে সে কথা এক্ষণকার নয়। আজকার সমারোহে রামপাল সিংহের অনুমতির বিহুদ্ধে এক বর্ণ
উচ্চারণ কল্লে অমনি একটা ভয়ানক বিপ্লব উপস্থিত হবে।
অতএব আজকার সভায় আমি ধা বলব আপনাকে
তাতেই সন্মতি প্রকাশ কর্তে হবে।

গিয়ী। তাহাই হবে।

সীতা। তবে আপনি শীঘ্র প্রস্তুত ছন গে। আপনাকে লয়ে যাবার জন্য হাতি ঘোড়া সৈন্য সামন্ত সমেত সেনাপতি কন্দ্রপ্রতাপ সিংছ তোরণ সমূধে অপেকা কচ্ছেন।

[গিরীন্দ্র সিংহের প্রাস্থান । বিষম বিপদ! এ যুবক তো মানমন্ত্রীর জ্ঞানো সর্ক্ত্যাগী হতেও স্বীকার। বোধ করি মানমন্ত্রীরও মনে এই ভাব। অধিকন্ত তাঁর দৃষ্টিও সিংহাসনে লগ্ন হয়ে থাক্বে। অভ্যাশা অনথের মূল। অভএব তাঁর ভ্রান্তি দূর কর্তে হবে। রাজ সভা দেখবার ছলে এই কার্য্য সম্পন্ন কর্ত্তে হবে।—কে আছিস্?

এক জন দূতের প্রবেশ।
মানমন্নীকে বল শীন্ত রাজবাড়ী যাবার জন্য প্রস্তুত হন।
সেখানে রাজপুর স্ত্রীগণের সঙ্গে আজকের সমারোহ
দেখবেন।

দূত। যে আজে।

[সকলের প্রস্থান।

তৃতীয় গভ1ক্ষ।

বীরনগর, রাজ ভবন।

রঙ্গ ভূমির এক পার্থে উচ্চাদনোপবিটা।
তারাবতী মস্তকে কিরীট, উভয় পার্থে
তুই জন পরিচারিকা ব্যজন হস্তে, তৎপরে মানম্যী, বিমলা ও চপলা। অন্য
পার্থে অধীন রাজগণ ও রাজ পুরুষগণ
আদনোপবিষ্ট ও সাধারণ লোক
দ্রুষয়ান।

নানাবিধ যন্ত্র বাদন, গিন্নীন্দ্র সিংহের রাজ বেশে। সীতাপতি সামন্ত, রুজ-প্রতাপ সিংহ ও চোপদারগণের প্রবেশ ও গিন্নীন্দ্র সিংহের সিংহাসনে উপ-বেশন, সন্মুখে দক্ষিণ পার্ম্বে প্রধান মন্ত্রী ও বাম পার্ম্বে সেনাপতি উভয়ে আসনোপবিষ্ট।

সীতা। মহারাজ রামপাল সিংহ রাম তুল্য রাজ শাসন সহকারে আমাদের দেশের অসীম উপকার করিয়া স্বর্গারোহণ করিয়াছেন। অদ্য কয়েক দিন আমরা সকলে তাঁর শোকে আচ্ছন ছিলাম। বিধাতার নিয়মানুসারে আলোক অন্ধকারের ন্যায় স্কুখ তুঃখ পরস্পারের অনুসরণ করে। সম্প্রতি আমরা এক অপূর্ব্ব আনন্দর্ভনক ঘটনা উপলক্ষে অদ্য এখানে সমবেত হইয়াছি। যেপুৰু-বংশীয় রাজাদিগের অধিকারে আমাদিগের পূর্ব পুরু-বেরা স্তথে বাস করিয়া গিয়াছেন, অদ্য আবার সেই মহা বংশীয় রাজা গিরীক্র সিংহ তাঁর পৈতৃক সিংহাসনে উপবেশন করিলেন। অতএব অদ্য আমাদের যে কত আন-ন্দের দিন তাহা প্রকাশ অপেকা উপলব্ধি করা সহজ। অবিকন্ত ইহাও সামান্য স্থাখের বিষয় নয় যে স্বর্গীয় রাজা রামপাল দিংহ যদিও রাজা গিরীক্ত দিংহের পরম বৈরি, তথাপি তিনি তাঁহাকে পরম বন্ধুর ন্যায় ব্যবহার করি-য়াছেন। যেহেতৃতিনি যে ইঁহাকে স্থন্ধ রাজ্যের উত্ত-রাধিকারী নিয়োজিত করিয়াছেন এমত নছে, আরও রাজ-কন্যা ভারাবতীর সহিত ই হার বিবাহ অবধারিত করিয়া-ছেন। এই বিবাহ যোগে উভয় বংশের চির বৈরিতার স্থলে একতা সম্পাদিত হইল। এই শুভ ঘটনা উভয় বংশের আত্মীয় সঞ্জনের মহোৎসবের বিষয়।

কতিপয় রাজ পুৰুষ। এ কার্য্যে মহারাজ সন্মত আছেন?

সীতা। (বা প্রতার সহিত) হাঁ, হাঁ। মহারাজ সন্মত কি? মহারাজ এ বিবাহ সম্বন্ধে যৎপরোনান্তি আনন্দিত। গিরী। (মৃত্রুরের অথচ সজোরে) এ কি ? মহাশয় ? সীতা। (অতি ক্রত অংফ্টু স্বরে) ক্রমা করুন। নচেৎ এখনি সব রুসাতল হবে।

রাজ পুক্ষগণ। আমাদের অপরাধ নাপ হয়। এ বিবাহে মহারাজ সম্মত আছেন এই কথাটি আমরা একবার মহারাজের মুখে ভন্তে ইচ্ছা করি।

গিরী। এ বিবাহে—আমি—সম্মত—

সীতা। যথেক্ট, যথেক্ট। আপনারা গুনলেন তো।
মহারাজ মুক্ত কঠে বল্লেন "আমি সন্মত"। তা সন্মত
না হবার বিষয় কি? যাতে প্রজার স্থা, যাতে দেশের
মঙ্গল, এমন কার্ব্যে মহারাজের অমত হবে, ভগবান না
ককন।

চপ। কি সর্বনাশ! তবে কি রাজকুমার——(মান-ময়ীর মৃদ্ধ্বি)

গিরী। (মানময়ীর প্রতি দৃষ্টি) ওঃ! (উঠিতে উদ্যত ও মন্ত্রী কর্ভুক নিবারিত)

সীতা। (মানময়ীকে লইয়া ষাইতে ইন্ধিত করিয়। সভাস্থ লোকের প্রতি) মহারাজ গিরীন্দ্র সিংহের জয়!

সকলে। মহারাজ গিরীন্দ্র সিংহের জয়!

সীতা। আজকার দিন বীর নগরের ইতিহাসে ধন্য। আজ আমাদের সকলেরই বাসনা ফলবতী হল। অত- এব এ দিনের অবশিষ্ট অংশ আনন্দ উৎসবে অতি বাহিত হক। মহারাজ গিরীক্স সিংহের জয়]

मकरल। महोदाङ गितीस मिश्टहत छत्र।

গিরি। (সেনাপতির প্রতি) কতকগুলি চোপদার যেন অনতিদূরে উপস্থিত থাকে। আর তোমরা সকলে এক্ষণে বিদায় হও।

কদ্র। যে আজ্ঞা (সকলের প্রতি) মহারাজ এক্ষণে সকলকে বিদায় অসুমতি কল্পেন।

িরাজা ব্যতীত সকলের প্রস্থান।

গিরী। এই তো রাজা হওয়া গেল। কিন্তু যেমন তুর্জয় অকচি পীড়িত ব্যক্তির সমুখে নানাবিধ উপাদের খাদ্য সামগ্রী রাখলে তার কিছুমাত উপকার হয় না, বরৎ অধিকতর মনঃপীড়ার কারণ হয়; এই যে অতুল এখর্ব্য, এই যে বিপুল বৈভব, আজ মানময়ী বিহনে আমার বিবাহ এই এক মিখ্যা ধনি শুনে অমনি মৃচ্ছিতা হলেন। এতক্ষণ কি হল তারই বা দ্বিরতা কি? আজ্বাতিনী হওয়া, বা এই মনোবেদনাতেই প্রাণ বিরোগ হওয়া এ সকলই সম্ভব। হায় হায়! আমি কিরপে কার দ্বায়া এ সংবাদ লই। যদি রাজা না হতেম, তবে এখনি জোয়ালাপুর যেতেম। রাজা হওয়া যে নিরবিদ্ধির স্থা, বা অপর অপেকা অধিকতর স্থা, সেটা অম মাত্র। বস্তুতঃ রাজা অপেকা প্রথজ

অনেক পরিমাণে নিশ্চন্ত, জনেক পরিমাণে স্বাধীন, স্থতবাং অনেক পরিমাণে প্রকৃত স্থা। এজা সমূহ শুদ্ধ এক রাজার অধীন, কিন্তু রাজা সহস্র সহস্র প্রজার অধীন। এক্ষণে আমি তো কোন মতে দিনের বেলা মানময়ীর সঙ্গে সাক্ষাৎ কর্ত্তে ধেতে পারি নে। সন্ধ্যার পর হন্ম বেশে গোপনে একটি অস্বারেইণে যেতে হবে। কিন্তু এ পর্যন্ত কিনে রক্ষা হয়। আর ভোউপায় দেখিনে, শুদ্ধ এক পত্রে অদ্যকার প্রকৃত ঘটনাবলি স্থপান্ত প্রকৃত বা করে আমার নিজ ভ্তোর ছারা পাঠায়ে দেওয়া। এই কর্ত্ত্বা। তবে আর বিলম্ব করা হ্য় না!—চোপদার!

চোপদারগণ। (নেপথ্যে) মহারাজ ?
চারি জন চোপদারের প্রবেশ।
গিরী। আমার বৈঠকথানায় যাব।
চোপ। যে আজ্ঞা।

[সকলের প্রস্থান। -[যবনিকা পতন।

তৃতীয় অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

রাজ অন্তঃপুর।

তারাবতী, স্থরমা ও বিনোদার প্রবেশ।

তারা। দরবার সভা তো ভেলে গিয়েছে অনেক কণ।
তা কই, মহারাজ তো আমার সঙ্গে সাকাৎ কল্লেন না,
আমাকে শারণও কল্লেন না। এ গতিক তো বড় ভাল বোধ হয় না।

স্থর। ভাল তো নয়ই বটে। দরবারে যা দেখেছি তাও আমার ভাল লাগে নি।

ভারা। দরবারে আমার দিকে কেবল একবার চেয়ে দেখেছিলেন। তাও মনোযোগের সহিত না। সে যেন আমি একটা মূরত, কি মাতুষ, তাই দেখবার জন্যে। আমি অনবরত তাঁর মুখ পানে চেয়ে ছিলেম।

স্তর। যথন বিয়ের কথা হল, তথনও কি একবার দেখলেন না ?

বিনো। তথন যেন চম্কেউঠে মন্ত্রী মশার মেয়ের পানে চেয়ে দেখতে লাগলেন। স্থর। ঐতো, ধেখানে যত কল ঘুরুক আগুণের ঘর ঐ।

তারা। (সচকিত) সে কি ? আগুণের ঘর ঐ কেমন?
স্থর। মন্ত্রী মনার মেরের সঙ্গে আর ছটি মান্ত্র্য
এসেছিল, তার এক জনকার নাম চপলা, আমার পিদতিত
ননদ। য্যাখন মহারাজ সিচ্ছেসনে চড়ে বসলেন ত্যাখন
সে বল্ছে "আমাদের রাজকুমার তো রাজা হলেন,
এখন আমাদের" এই বল্তেই আর একটি মান্ত্র্য যে ছিল,
সে তাকে চখ রাজানি দিলে, তাই আর বল্লে না। আবার
রাজকন্যার সঙ্গে মহারাজের বিয়ের কথা হতেই সে
অমনি বলে উঠেছে "ওমা! ওমা তবে কি রাজকুমার—"
এই বলতে মন্ত্রী মনার মেরে অমনি মোহ গোল। এখন
এতে যা হয় বুঝে দেখ।

তারা। তা এ সকল কথাতে সন্দেহ হতেই ত পারে বটে। যাহক আমার সম্বন্ধে আমার পিতার শেষ বাসনা সকল করবার জন্যে আমার সাধ্যমত মত্ন কর্ত্তেই হবে। স্থ্রমা! তুমি একবার মহারাজের ওখানে যাও। তাঁর ভাব গতিকও জান্তে পারবে, আর তাঁকে বল্বে যে আমি তাঁর সঙ্গে সাকাঁৎ বাসনা করি।

স্থিরমার প্রস্থান।

হার কি জ্বালা হল ! আমার হৃদর যে জ্বতে লাগল ! আমি এত দিন সকাম নয়নে কোন পুক্ষের প্রতি দৃক্পাত করি নি। আজ আমি পিতার নিয়োগ মতে মহারাজকে সেই ভাবে দেখিছি। তাইতে আমার হৃদয়ে যেন কাল সাপের দাঁত রোপণ হয়েছে। যত বিলম্ব হচ্ছে তত্তই যাতনা বাড়ছে।

স্থরমার প্রবেশ।

মঙ্গল তো ? তোমার চেহারা আগে বলছে—''না"।
স্থর। আমি ঘর চুকেই দেখি যে এক জনা চাকর
দাঁড়িয়ে আছে, আর মহারাজ একখানি চিঠি লিখতে
কলমটি হাতে করেই বলছেন—"দেখ এ পত্র তাঁর নিজের
হাতে দিও। সাবধান, সাবধান।" আমাকে দেখে
কলমটি কৈলে উঠে এগিরে এলেন। আমি বয়ু "মহারাজ আমি রাজকন্যার দাসী।" অমনি যেন মুখ খানি চুন
পারা করে বল্লেন "এস এস কিশের ভরে এসেছ?"
আমি বয়ু "রাজকন্যা আপনকার সঙ্গে দেখা কর্তে চান।"
এই বল্তে কি রক্ম কাতর হয়ে, কি সব মিটি কথা

তার। কি কথা বল্লেন?

প্লেনি নি।

স্থর। বল্লেন-"আমার অপরাদ হয়েছে, আমার ঘাট হয়েছে। আমি এতক্ষণ রাজকন্যের লঙ্গে দেখা করিনি। তা আমি কি করি আমার বড় অন্তথা আজকে আমার এই কুরি মাপ হয়। আমি রাজকন্যার আজ্ঞেন

কইতে নাগলেন, আমি অমন আমার বাপ চৌদ্ধ পুরুষেও

কারী " এই বলে আমার ছুটি ছাত ধরে কাঁদো কাঁদো হয়ে বল্লেন, "দেখ যেন কিছু মনে টনে করেন নি। আমি অতি অফিশো তাঁর সঙ্গে দেখা করব। আমার বড় আবিশ্যক কথা আছে।"

তারা। আমার সঙ্গে তাঁর আবশ্যক কথা ? সে আবার কি কথা। আমার সঙ্গে আমার পিতার অনুমতি পালন ভিন্ন আর কি কথা। তাতে অসমত হলেই অন্য কথার প্রয়োজন হয়। আমার মন যে আরও বিকল হল!

স্থর । আমি আর ষ্যাত বুজি না বুজি এক কথা বুজি। ঐ চাকরটাকে ধরে ঐ চিঠি খানা নিয়ে দেখতে পাল্লেই সব হাল হস্তবুদ জানা যায়।

বিনো। এইই কাজের কথা।

ভারা। সেটা কি ভাল হয় ? ভীম রায়কে ডাক দেখি। স্থিরমার প্রস্থান।

গোপনীয় চিঠি এমন করে দে'লে আমি জন্মের মত মহারাজের বিষদ্ধিতে পড়ব। হায় হায়! আমি কি বিপদেই পড়লেম। আমি সুখের কাননবাসিনী কুরজিনীর ন্যায় সুখে কাল যাপন কচ্ছি, এমন সময় হঠাৎ কোন কিরাতের বিষাক্ত তীর এসে আমার হৃদ্যে প্রেশ কলে। আহা! আমি যুদ্ধের অশ্বের ন্যায় চিরদিন উত্ম মন্থ্রার মধ্যে ছারাতে অতি যত্ত্বে পালিত হয়ে হঠাৎ আশ্বিবং যুদ্ধ-ক্ষেত্রে পড়ে শত শত তীক্ষ্ণ অস্তের লক্ষ্য হলেম।

ভীমরায় ও স্থরমার প্রবেশ। ভীম। ভৃত্যের প্রতি কি আজে? তারা। তুমি স্থরমার কাছে সকল কথা ভনেছ? ভীম। আজে শুনেছি। তারা। এক্ষণে প্রামর্শ কি?

ভীম। ঐ চাকরটাকে ধরে চিঠি থানা দেখা। তার পরে সেই অনুসারে কাজ করা।

তারা। গোপনীয় চিঠি দেখা কি উচিত হয়? আর মহারাজ শুনলেই আমার প্রতি জ্বের মৃত তাঁর অবি-শ্বাস হবে।

ভীম। এই যে উপদ্বিভ বিষয়, এ কেবল নায়ক নাহিকার কথা নয়। এ হচ্ছে রাজকীয় কর্ম্মের কথা। এ
কথার সন্দে এই রাজ্যের মঙ্গলামঙ্গল এক স্থত্রে গাঁখা।
এতে সামান্য উচিত অনুচিত দেখলে চলে না। এর
উচিত অনুচিত স্বতন্ত্র। এসম্বন্ধে বাতে কার্য্য সিদ্ধ হয়
সেইই উচিত, আর যাতে কার্য্যের ব্যাঘাত হয় সেইই অনুচিত। আর মহারাজ শুনলে তো বিদ্দিট হবেন? ভাল
সে কথা আমার থাক্ল। এ চাকর কি আবার কিরে
মহারাজের কাছে বলতে হেতে পারে?

. তারা। সেকি ? তুমি কি তাকে খুন করবে নাকি ? ভীম। নানা, এমন স্থানে, এমন ষত্ত্বেধে দেব, বে কেবল খাবার সময় মুখ খুলবে, আরু না। তারা। দেখ যেন পীড়ন হয় না। কি যে ঘটে কিছু বলাষায় না।

[ভীমরায়ের প্রস্থান।

বিনো। মাকালীর ইচ্ছে সব স্থবিধে হবে। আপনি ভাবেন কেন ?

ভারা। আমার যে এই প্রথম। আমি ভাবনা কাকে বলে তাতো এত কাল জানতেম না।

স্তর। চিঠি খানটি না পেলে আমি কিছুই বলতে পাক্তিনে।

বিনো। যে মান্ত্ৰ গিয়েছে ভাচিঠি পাওয়া যাবে। এই যে।

চিঠি লইয়া ভীমরায়ের প্রবেশ। তারা। দেখি কি চিঠি ? আহা! দে চাকরটীকে কি অবস্থায় রেখেছে ?

ভীম। সে বেশ আছে। ভারা। (চিঠি পাঠ)

রাজ্ঞকন্যার সহিত আমার বিবাহের কথা উল্লেখ হওয়াতে তোমার বে অবস্থা, তাহা আমি অবগত আছি। বস্তুতঃ ঐ সহজে যত কথা হইয়াছে সকলি অলীক—ভদ্ধ তোমার পিতার কেশিলমাত। যাবং তোমার সহিত সাক্ষাৎ হইয়া এ সকল কথা পরিষ্কার না হইবে, তাবং আমার মনের যে কত বৈকল্য তাহা কি লিখিব। পক্ষীযুগলের মধ্যে একটিকে ধরিয়া পিঞ্লরে বন্ধ করিলে দে যেমন অন্থির হয়, সম্প্রতি আমার সেই অবস্থা। আমি নিশিযোগে ব্যতীত এই রাজপুরী হইতে নিষ্কুান্ত হইতে অকম। অতথব আমার সহস্র মিনতি যে তুমি সেই পর্যান্ত এ সম্বন্ধে কোন কার্য্য না করিয়া আমার অপেকা করিবা, ইতি।

ওঃ প্রমাদ! এর প্রত্যেক কথা সদ্ধীর, প্রত্যেক কথাতে যেন ভাপ উঠুছে, প্রত্যেক কথাতেই যেন মহারাজের হৃদয় মুজান্তিত হয়েছে। ভবে আর কেন! তবে আর আমি কারে যত্ন করি। আমি যাঁরে যত্ন করি তিনি আপনি আপনার নন। হা বিধাতা! আমার কপালে কি এই ছিল! পিতা হারালেম, গৈতৃক রাজ্য হারালেম, পিতার নিয়োগ মতে যাকে পতিভাবে মানসে বরণ কল্লেম তাঁর চরণে বঞ্চিতা হলেম আমি রাজক্মারী ছিলাম রাজমহিষী হতাম। সে পদ অনোর হল, এখন আমি কোথা যাই, কার মুখপানে চাই। আমি যেন প্রকৃতির ভ্যাজ্য সন্তান—যেন নদীর স্রোত্তে ভাসা কাঠ খড়ের মত হলেম।

ভীন। (উষ্ণতার সহিত) আপনি কেন এমন হতাশ হল্ছেন! আপনি বাঁর রাণী হবেন তিনিই রাজা। নচেৎ কার সাধ্য যে মহারাজা রামপাল সিংহের সিংহাসনের দিকে চথ তুলে চায়।

তারা। নানা, একা আমার জন্যে একটা বিজ্ঞোহ

উপস্থিত না হয়। সহস্র সহস্র অজ্ঞান নিরপরাধী অকালে কালের তিমিরমর মুখে পতিত হবে, আর চিরদিন পিতৃহীন, পতিহীন, বংশহীনের অঞ্পাত হবে। যে সিংহাসনে বসে এই সকল লোকের রোদনের কোলাহল শুনতে হবে আমি তার অভিলামী নই।

ভীম। তা আপনি বল্লে কি হয়, সিংহাসনে আপনার স্থানে অন্য রমণী উপবেশন কল্লে, এ ঘটনা হবেই। প্রজা গণ, প্রধান কর্মচারীগণ, সকলেই আপনার পিতার বশীভূত। বিশেষতঃ সেনা সমূহ তার চিহ্নিত। এই সেনার দ্বারা তিনি এই দেশ জয় করেন। অতএব এরা ফেই শুনবে যে তাদের পরম প্রদ্ধাস্পদ, তাদের কুলদেবতা রামপাল সিংহের কন্যার পরিবর্ত্তে অন্য কোন রমণী রাজসহিষী হল, আর অমনি চতুর্দ্ধিক হইতে আগ্রেয় পাহাড়ের ন্যায় বিল্রোহ অগ্নি বর্ষণ করে রাজা, রাণী রাজসিংহাসন সব ভন্মশাৎ করবে। আর এই যে স্বর্গতুল্য দেশ——

ভারা। ওঃ ভয়ানক। ভয়ানক। আহা, কোটাল কান্ত হও, আমি আর গুনতে চাই নে। আহা। বিধাতা মনুষ্য বংশ নাশ করবার জন্যে কি আমাকে স্ফি করে-হেন? তা এখন এর উপায়? মন্ত্রীকে একবার ডাক। ভীম। এইট পরামর্শ।

প্রিস্থান ও তারাবতী আসনে বদিয়া

নিশকে অশ্রুপাত।

বিনো। আপনি এখন কাঁদেন কেন ? আগে দেখুন যদি উপায় না হয় তখন যা ভাল হয় তাই কারবেন।

স্থ্র। উপায় কেনে হবেক নি। অব্বিনি হবে। বাজকুমারীর যাতি মন্দ হয় তবে ঠাকুর দেব্দা সব আঁগস্তা-কুড়ে ফেলে দব।

তারা। আহা! স্থ্রমা! অমন কথা বলতে নেই। তাঁরা কি কারও মন্দ করেন ?

হর। তা যে তাঁদের যরে হেরোকাল স্যাবা কল্পে, যে ছেরোকাল মানুষদেরকে দিলে, থাওরালে, আর কল্পে, তার যাতি ছুল্ফু হল তবে তাঁরা কার কি কন্তে আহেন। তারা। তাল তাঁরা করেন, আর মন্দ হয় কর্মা দোষে। হর। একথা আমার আদলে মনে ধরল নি বাপু। যাতি কর্মা দোষে মন্দ হতে পাল্পেক নি ? যাক ব্যানে তাঁরা আর য্যাত কঞ্জন না কক্ষন, আপনকার মন্দল কক্ষন। এই যে মন্ত্রীমশায়।

সীতাপতি সামন্তের প্রবেশ।

তারা। মন্ত্রীবর! এই চিঠিখানি পাঠ কলন।
সীতা। (পাঠাত্তে) হাঁ! তা এ বে হবে, আমি ভা জানি।
তারা। তবে তুমি এ সকল অবগত আছ ?

সীতা। অবগত এই যে মহারাজকে যখন সিংহাসন উপবেশনে আহ্বান করা যায়, তখন তিনি আমার কাছে আমার কন্যার পাণিগ্রহণের ইচ্ছা প্রকাশ করেন। বোধ ছয় আমার কন্যারও এই অভিলাষ, তিনি শৈশবকাল

অবধি মহারাজের সদ্ধে এক শিক্ষকের কাছে পড়েছেন,

একত্র বাল্যক্রীড়া করেছেন। তাই মনে কর্ত্তেন যে

রাজা আর ।তিনি সমানাস্পদ্য। যেমন ক্লযাণ বালকেরা
প্রাতকালের স্বর্য দেখে মনে ভাবে যে তিনি বুনি তাদের

সমান অধিকরণে এবং ঐ সমুখন্থ তক্তেশ্রেণীর পার্যেই
আছেন, এই বলে ধর্ত্তে যায়, মহারাজের সহদ্ধে আমার

কন্যারও ঐরপ সংস্কার। এই প্রান্তি দূর করবার জন্যে
তাকে আমি দরবারে এনে রাজার বিবাহ রাজকন্যার

সহিত হবে এই কথা প্রচার করে দিয়েছে। বোধ হয়

এখন তার বিশ্বাস হয়েছে। এক্লেগ সেনানী ক্রপ্রতাপ

সিংহের সহিত তার বিবাহ হবে। ক্রপ্রপ্রতাপ সিংহ

ক্রিদিন হতে যতুবান আছেন। এই কার্য্য সাধন হলেই

সকল উপত্রব নির্ত্ত হবে। অতএব আমি চল্লেম।

ভারা। এই বিবাহই এর উপায়। কিন্তু আজ সন্ধ্যার পরে যে রাজা সাক্ষাৎ করবেন, সেটা নিবারণ হয় কিসে? স্থ্র। সে নিবারণ হবেক নি কেন? এই বিয়েটা আঙকে দিন ভরের মধ্যে হয়ে গেলেই হল।

ভারা। তাও হবে না, এও হবে না। দেখা যাক মন্ত্রী কি করেন।

িসকলের প্রস্থান।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

চপলার শরনাগার।

চপলা আসীনা ও চুলের দড়ী, চিরুণ ইত্যাদি উভয় হত্তে জামুর উপর ধরিয়া চিন্তা।

স্থরমার প্রবেশ।

চপলা। আরে বউ ধে, এস, এস এস। আর যে দেখাটি নেই। আমি বলি বয়ের বুঝি পেট।

স্বর। যে বলে তার হক্ণো, তার সাত পুরুষের ছক্ণো।

চপ। হাঃহাঃহাঃ। আসরণ আরে কি । এটা কি শাঁপ হল নাবর হল ?

সুর। যাখন ফল্বে তাখন ঠাওর পাবে।
চপ! তা যাক। তুই আর বেরিস নে কেন্লা ?
স্বর! বেফব কি তাই, এক তিলের তরে অসর গাই
নে। পেচুন বাগে এক জন এক তরাল দে কেটে গের্লেও
চেরে দেখতে পাই নে।

চপ। কেন, এত কি কাজ ? স্থ্য। বলে কেন, এত কি কাজ ? আমাকে তো সকলই ্শিতে হয় নাতা বাদা, কাপড় পরাণা, গয়না পরাণা,
আবার টা কা কড়ি রেণ্ডে হয়, তার হিসেব দিতে হয়,
আর কত্তে হয়। এই যে বলুন সকলই দেশ্তে হয়,
সকলই কতে হয়।

়ৈ' চপা। কেন, আর একজনা আছে না ?

স্থান কে । বিনোদা । পোড়াকপাল । সে কি নড়ে ।

ইক্ষের তোড়াটি, এই সাম্নে ধরে দ্যার । আর এই
কেপিরটি দিন বকের মত এই রাজকন্যার মুখ তেগে বসে ।

আছে । যেই একটি কথা মাখা ভাসান দিয়েছে, আর অমনি যেন হোঁ মেরে ধরে নিরেছে । আর ই। ইা, ভাই ভো বটে, এই জোবটে, বটে তো বটে । এই কিভি কত্তে নেগেছে ।

তরু রাজকন্যের ছাড়া ভাল কাপড় খানি, ভাল জিনিসটি ।

আগে বিনোদা পাবে । তার পরে য্যাভি থাকে ভবে আর কেউ পেলেভো পেলে আর না পেলেভো নেই ।

চপ। কেন, রাজকন্যে কি কে কেমন ভা ব্যতে পারেনা?

কুর। বুনতে কেন পারবেক নি গো। বোঝে সব,
বিলে সব, তবু খোসামুদির এমনি ভেল্কি, যে বুঝেও
ক্রোবোনা। আমাকে যাতি কেউ বলে হুরমার রূপ খানি
ক্রিন নক্ষীঠাকুরের মতন। আমি কি তা বৃনি নে যে
আমাকে ধাপা দিচ্ছে ? তবু যেন মনটা খুসি হয়।

চপ। ঠিক বলেছিস ভাই। ভাষাক। আজকে থে বড় বেরিষেছ?

সুব। আছকে ছুটি নিয়েছি। কালকে রাজকুমারীঃ গায়ে হলুন। তা কলি অব্দি তো বেহুতে পাব নি।

চপ। সেকি? কালকে বাজকুমারীর গাবে হলুদ?

স্থব। হাঁ। কেন, এডো সকলেই জানে। মহারাজের বিষে, এ কথা কি কারো জানতে বাকী আছে ?

চপ। এ কথা কি ঠিক হয়ে গিয়েছে?

হর। ইা গো। ভা নইলে আর বলচি কি ? এই
মহারাজ দেখি নিজে পুক্ত ঠাকুবকে নিয়ে দিন ধাজিজ
কলো। আবাব এই কথা নিধে সেই আর এই রাজকুমারীর সঙ্গে কত দেখি তামাসা ফটি কলো।

চপ। ওধম! ওকলি! এমা কি স্বনাশ। কি স্বনাশ।

সুব , ওমা, সেকি গো! রাজা রাজকুমারীর বিষে; এতে সব লোক খুসী, তুমি বল সক্ষনাশ ?

চপ। না ভাই, ওসব কথায় কাজ নেই।

পুর। তা হবেই তো। এ কথা বল্বেই তো। কলি । ধর্মই যে এই। আমি মরি ছোট ঠাকুররি, ছোট ঠাকুররি।
কবে, যে কথাটি যেখানে শুনি, অমনি ছুটে এসে বলি।
আর ছোট ঠাকুরবি একটা কথার বিশেস করে না।
লোকের মন পাওয়া ভার এ কলিকালে। বলে—

তৃতীয় অঙ্ক।

কানাইয়ের ভর্তে প্রাণ বাচে না, কানাই বলে ভানা না না।

চপ! না না, বউ রাগ করিস নে। বল্ছি বল্ছি।
বিশ্ব কি ভাই বলতে গেলে কথা বেরর না, আরও যেন
্পেটের ভেতর যার। এই মন্ত্রী মনার মেরের সঙ্গে
রাজকুমারের বিয়ে হবে এই চিরকাল কথা। আজকে
স্বকাল বেলা রাজা হতে যাবার সময়ও মানময়ীর কাছে
এনে দিকি করে বলে গেলেন যে ভোমাকে আমি ভ্যাগ
ক্রুর মা, করব মা, করব মা।

ু সুর। তাএখনও তোবল্ছে ডেগ করব না।

- হপ। বলিস কি বউ ?ুএ কথাকি ওখানে হল্ছে
নাকি ? তোরাকি শুনেছিস বল দেখি ?

স্কর। দেখতে পেলে আর শুক্তে চায় কে? চপ! সে আবার কিলো? দেখতে পাওয়া কেমন? শুর। তমি দেখতে চাও না শুনতে চাও।

চপ! অবাক কলে বাপু! কই কি দেখাবি দেখি।
স্থা তুমি তো ভাই লেখা পড়া জান। আমাদের
উদ্দিত্যন্ত হত মুকক, তোনা। এই দেখ। (পত্র দান)
স্চপ! একি ? এ যে রাজকুমারের হাতের লেখা

দৈখছি যে ? তুমি এ পত্র কোথা পেলে ভাই ?
স্কর। মহারাজের বৈঠকখানা ঘরের দোর গোড়ায়।

চপ। তুমি কি করে জানলে রাজার পত্র ?

সুব। আমি এই সোনালি হল করা থাম্ট। দেখস্থ কিনা? দেখে রাজকুমারীর কাছকে নিয়ে গেন্থ কিনা? তিনি পড়ে বলে "রাজার লেখা চিঠি। এ ষেধানকার চিঠি সেই খানকে বেখে এস।" আমি বন্ধু এ চিঠি আপনি রেখে দাও। তা বলে "নানা, কেন পরের চিঠি বেখতে ধাব। আচ্ছা দেখি মহারাজ কেমন করে দশটা বিয়ে কবেন।"

চপ। তা রাজা যদিদশ বিয়ে করেন, তা উনি কি বন্ধ কর্ত্তে পারেন?

স্থর। তা আর পারেন নিগা রাজা কে? রাজা কুমারীই তো রাজা। এই বাাত লোক নজোর সবই তোতাঁর।

চপ। (পত্র পাঠ) মানমার!—আদ্যকার দরবারে যাহা শুনিয়াছ, সকল বিশ্বাস করিও না। যদি এরাজ কন্যাকে বিবাহ করিতে হইল, তাহার নিমিত্র তোমার সহিত যে কথা আছে, কোন মতেই তাহার অন্যথ হইবে না। আমি এইক্ষণ ভগবানের ইক্ছায় রাজ্ব হযেছি। আমার যাহা ইক্ছা তাহাই করিতে পারি। আমি যদি দশ বিবাহ করি, কার সাধ্য আমাকে নিবারণ করে অভএব তুমি চিস্তা করিও না। আমি সন্ধ্যার পর ভোশা সহিত সাক্ষাৎ মতে সকল কথা কহিব ও শুনিব। আমা মনে শকা হইভেছে যে ক্যেপ্তাপে বেটা এই সুখোই তাহার চির বাসনা সকল করিতে চেন্টা করিবে। আমু

এব সাবধান, কেননা আমি তাহা কখনই সহ্য করিতে প্রারিব না।

বটে! সিজেসন ছুঁতে না ছুঁতে এত আম্পদা হয়ে উঠছে। এখন দশটা বিয়ের কথা হল। যে মানময়ী বই আর কেউ ছিল না, যে মানময়ী বিনে ত্রিভুবন খুন্য দেখতে, সেই মানময়ী এখন দশটার একটা। এই কথার পরে আবার সন্ধ্যার পর দেখা। মানময়ী তেমন মেয়ে নয়। আর এ জয়ে দেখা হবে ? এই আমি চল্লেম। আমার মাথা বাঁদা এখন মাথায় রইল।

সুর। ও ভাই! তুমি যে একবারে রেগে কাঁই। তা ভাই তুমি আমার চিঠি খানটি দাও। আমাদের অভ কথার কি? বলে—

> নোহা পাথরে যুদ্ধ করে, শোলা দিদী পুড়ে মরে।

চপ। কেন ? এ চিঠি তো ভোষাদের রাজকন্যা ছেড়ে দিরেছেন।

স্থার। আমি তো চিঠি দিতে এসি নি। চপা না বউ, আমার মাধা ধাও; এ চিঠি ধানটী কিতে হবে।

শ্বর। তা আমাদের মন তো তোমার মতন না যে একটা কথা কাস কল্তে চাও না। তুমি চাইলে আমি না বলতে পারি নে। তা ভাই ন্যাও নিটি, কিছ ভাই আমার নামটি কর না। বলও একজনা লোকের ঠিঁরে পেয়েছি।

চপ। ভাহবে।

(উভয়ের প্রস্থান।)

--

তৃতীয় গভ1ক্ষ

মানময়ীর মহল।

মানময়ী পালঙ্গোপরি চিন্তানিমগ্ন।

বিমলা অনতি দূরে।

মান। এ বিবাহে আমি সম্বত। ৩:। (বিমনাঃ প্রতি দৃষ্টি করিয়া) ভাল, রাজকুমার কেমন করে এ কথা আমার সমুখে বল্লেন। যথন এ কথা গুনলেম, তথা আমার হদরে বেন একটা আগুণের শিখা ছলে উর্বে মাথা ছুড়ে বেরিয়ে গেল। আর সেই পর্যন্ত ঐ কংগুলি এক একবার যেন বাভাসের সঙ্গেধনি হচ্ছে। আরি একটু অন্যমনা হচ্ছি, আর যেন "এ বিবাহে আর্মি সম্মত" এই গুনে চনুকে উঠিছি। কখনও একটু ভদ্ধাসাহে আর দেখতে পাচ্ছি যেন রাজকুমার সিং হারার বেদ বলছেন, "এ বিবাহে আমি সম্মত"। যেমন এক বি

সাপের বিষ সমুদর শরীর আচ্ছন্ন করে, তেমনি এই ক্ষুদ্র কথাটী আমার সমুদর মন আচ্ছন্ন করেছে।

বিম। কিন্তু আমার বোধ হচেছ যেন রাজকুমারের আরও কিছুক্থাছিল।

মান। তাহতে পারে। "এ বিবাহে আমি সন্মত", এ বিবাহ আমার প্রার্থনীয়। এই রক্ষ।

ঁ বিষঃ নানা। একখানয়, "আমি সন্মত না"। রাজ-কুমার যেন এই কথা বলতেন।

্মান। তবে বলেন না কেন? কে তাকে বারণ করে। ছিলা

চপলার প্রবেশ।

িবিম। আজ্ছা চপলাকি বল? রাজকুমার বিয়ের জিক্ষায়কিকথা—

চপ। আবর রাজকুমার, "রাজকুমার করে কি হবে ? একথা ছাড়া এই দশই রাজকুমারের বিয়ে।

রিম। কার সঙ্গে কার সঙ্গে ?

চপ। আবার কার সক্ষে ? রাজকনার - (মানস্থীকে
ছব্ছি তা হইতে দেখিয়া বেগে নিকটে গিয়া হস্ত ধারণ।)

এই নাাথ যা তেবেছিলেম তাই। হে মা চুর্গা! হে মা
কালী! তোমার এখন যে বর কন্যে এক জন পাষণ্ডের

ইতে প্রাথ হারালে, এমন দেবচুর্ল ত কল ক্ষি করে

ইলে কি ছবিত পোকার আহার হবে বলে? এমন

গজমতি ক্ষি করেছিলে সিংহে চিবিয়ে চুৰ্ করেবে বলে ?

মান। (হৈতন্য এবং গাডোপান) চপলা। এখন জুমি
কি বলছিলে বল। আর চিন্তা নাই! এখন আমার ধাঁধা
খুচেছে। আচ্ছা আমি এর পরিশোধ দিব। আমি
যেমন না বুঝে মন দিয়েছিলেম, তেমনি আমি আপিনাকে
আপিনি সমোচিত শান্তি দিব। সেনাপতি কন্দ্র তাপ দিং
বাকে আমি এত অগ্রন্ধা করি, তাঁকেই আমি ভন্ধনা করব।
এই আমার সকপে। এখন আমার মন দ্বির হল। মার্ব ভবে এই দশ দিনে বিবাহ হবে গৈতাহলেই ভাল। কেন না
দেশে অরাজক হবার গতিক হয়েছিল। এখন যা হক রাজা
রাণী সংস্থান হল। এ দিনেই তবে বিবাহ দ্বিরহয়েছে গ

মান। ভাল। বড় স্থংখার বিষয়। তা তুমি অবশা এ কথা ঠিক ওনেছ—অধাৎ কোন বিশাসী লোকের মুখে ওনেছ?

চপ। হাঁ। তা যে মাসুষের মুখে গুনিছি তা উড়-ভাষা নয়। আমার মামাত ভাইবউ স্বর্মা, সেই রজা কনোর প্রধান সহচরী, তারই মুখে শুনেছি।

মান। আঃ ভবে আর এতে অনুমাত্র সন্দেহ রেই। বেশ বেশ, এখন বিয়েটা হয়ে গেলেই হয়। ভা জাল ভার সঙ্গে ভোমার দেখা হল কোখায়? **छ्या आमारम** व वाफ़ीर अटम हिला।

মানা তোমাদের ৰাড়ীতে এসেছিল ? কেন ? এর কারণ কি ? এই আমোদ ছেড়ে বড় যে তোমাদের ৰাড়ীতে এল ?

চপ। কালকে নাকি রাজকনের গায়ে হলুদ। ভা কাল থেকে সেই বিয়ে অবদি আর তো বেকতে পাবে না। ভাই বলে একবার বেড়িয়ে আসি।

মান। (দীর্ঘ নিশাস ও অবনত মুখী) উঃ!

রিম। ও কি ? এই যে বজেন মন স্থির হয়েছে। ভবে একি আবার ?

নান। (পুনরায় দীর্ঘ নিশ্বাস) নানা, ও কিছু না। বেমন প্রদীপ নিবে বাবার সময় শিখাটা শেষ হয়ে গিয়েও একবার জ্বে উঠে এককালীন নির্কাণ হয়, এ ভেমনি। ইপ্রশার প্রভি) তা ভোমার সে ভাই বউ আর কারও কথাটভা কিছু বল্লে না ?

চপ। আর কার কথা ?

্থান। বলি এই রাজকুমারের কথা টতা কিছু বল্লে উল্লেখিনা তা সে জানবে কেমন করে। আর আমারই বাতা শুনে লাভ কি প

চপ। আহা! কি পরিতাপ! আমি কেমন করে কলব! এগো! সেই রাজকুমার নিজে থেকে এই দিন দ্বির করেছেন। আর এই কথা দিয়ে সেই রাজকুমারীর কাছে বলে কভ ছাস কোতুক রুসিকভা হয়েছে।

মান। সখি! আর বলও না, আর বলও না, আর আমার সহু হয় না। আমার হাদয় বুঝি বাহ্দদভারে আগুণ লাগার মত ফেটে খণ্ড খণ্ড হল। (উপধানে প্তন ও রোদন)

কিন। চপলা ! তুমি ও কথা আর বলও না। উনি যে বলেন আমার মনছির হয়েছে সে কাজের কথা না। প্রণয় ছাড়তে পুক্ষ যেমন তংপার, মেয়ে যদি অমন হত, তবে কঞ্চের জনো রাধার অমন দশা হত না।

মান। রাজকুমার। এই যদি তোমার মনে ছিল, তবে তুমি যেমন রাজা হবার সংবাদ পেরেছিলে, অমনি কেন চলে গেলে না। কেন আমাকে বঞ্চনা করে বলে গেলে যে রাজত্বের জনো তোমাকে পরিভাগি করব না? আমার হৃদয়ে যে ছুরি মেরেছ সেই ভো যথেষ্ট ভীক্ষ, তাতেই ভো আমার প্রাণ যেত, তবে আবার ভাছে বিব মাধাবার প্রয়োজন কি ছিল গ

চপ! আরও যে কথা আছে ভা যদিবলি তা হলে বিমঃ চপলা! ভুই ভাই এক আজগবি লোক! মান। নানা, ভুমি বল, ভুমি বল। রাজকুমার আমাকে ভাগা করেছেন এর বড় কঠিদ কথা আর কি আছে? ্টি চপ। (ব্যাঙ্গভাবে) না ত্যাগ কেন করবেন ? এই চিঠিখানা পড়ে দেখ।

মান। পাটান্তে চিঠি আছড়াইরা কেলিয়া) এমন!
এত অহ্নার! এত কৃটিলতা, এত নিষ্ঠুরতা? তোমার
অস্ত্রাঘাতে আমি মৃত্যু যাতনায় কাতরাচ্ছি, আর তুমি
ভাই উপলক্ষ করে আমাকে উপহাস করছ। আমি
ভাল বেসে একেবারে কুকুরের স্থভাব প্রাপ্ত হইনি যে
লাখি মারতে পা উচালে সেই পা চাট্ব। আমি এমন
বংসামান্যের মধ্যে পড়লেম! আমি এখন দশটার
মধ্যে একটা? আমি যে একমাত্র শশধর ছিলাম এখন
আমি তারা রাশিতে নিশে গেলাম! আমি পশু নই
যে পালের মধ্যে একটা হয়ে থাকব। আচ্ছা, আমি আজই
এর উপায় কচ্ছি। এখনও এত অহ্নার যে আমি ওঁর
অনুরোধে ক্রপ্রতাপকে বিবাহ করব। দেখি কে নিবারশ্বর ই

ি চপ। আবার রাজা হরে অহকার দেখ, বলে কজ-প্রতাপে ব্যাটা। এর প্রতিফল যদি দিতে পার তবে তুঃখ বায়। আর তাই দেখেই আমাকে যদি মর্তে হয় তাতেও আমি রাজি।

ি সকলের প্রস্থান।

চতুর্থ অঙ্ক

প্রথম গর্ভাঙ্ক।

বীরনগর রাজবাড়ী। কন্ত প্রতাপ সিংহের বাসা।

সীতাপতি সামন্ত ও রুদ্রপ্রতাপ সিংহের প্রবেশ।

সীতা। বাপু! তুমি আমার কন্যার পাণি প্রত্যা-শার অনেক দিন হতে প্রচুর বত্ন কছে। সম্প্রতি আমার বাসনা যে অবিলয়ে সেই শুভকর্ম সম্পন্ন হয়। তুমি ভাতে সমতে আছ কি না?

কন্দ্র। সম্মত কি ? আমি একণে প্রস্তুত আছি। কিন্তু মহাশয়ের কন্যার সম্মতি হয়েছে ?

সীতা। সে বিষয় আমি দেখছি।

চপলার প্রবেশ।

একি? চপলা, কি সমাচার? ভালতো সব?

চপ। আজে, সব মঙ্গল। আপনার সঙ্গে কিছু কথা আছে।

ৰুদ্ৰ। তবে অনুমতি হয়তো আমি অন্তর হই। প্রিস্থান। সীতা। ব্যাপার খান কি? মানময়ীর সম্বন্ধে তো কিছু অশুভ সংবাদ নেই?

চপ। আছে না বরং আমরা যত দূর বুঝতে পারি তাতে শুভই বলতে হবে।

সীতা। কি ? বিষয়টা কি ?

চপ। ক্তপ্রতাপ সিংহের সঙ্গে আপনার কন্যার বিবাহে আপনার মত আচে ?

সীতা। আছে, আছে। সে তো অনেক দিন আমি প্রকাশ করেছি। তা—তা—তার এখন কি ? তার এখন কি ? চপ। তবে এই পত্রখানা পড়ে দেখুন। সীতা। (পত্র পাঠ)

পিতঃ! আমার পাণি সম্বন্ধে আপনি আমাকে যে স্বাধীনতা দান করিয়াছিলেন, একণে আমি তাহা আপনার চরণে প্রত্যাপণ করিলাম। সম্প্রতি ঐ সম্বন্ধে আপনার ইক্ষাই কার্য্য। পরস্ক আপনার চরণে আমার এক মাত্র প্রার্থনা যে আছে, তাহা চপলার প্রমুগণ অবগত হইবেন।

চরণরেণু প্রত্যাশিনী

মানময়ী।

আহা! আজ আমার কি শুভদিন! চপলা! তুমি কি আনন্দের সংবাদই এনেছ! তবে এক্নে তাঁর প্রার্থ নাটা কি?

চপ। প্রার্থনা এই যে, যদি ক্তপ্রতাপ সিংহের কোন

আপত্তি নাথাকে, তবে এ বিবাহ আজই গোধূলি লগ্নে হয়।

সীতা। আরও মঙ্গল। আচ্ছা সে বিষয় আমি এখনই শেষ কন্দি –ভূত্যগণ, কে উপস্থিত আছ? তোমাদের মনিবকে আস্তে বল।

রুদ্রপ্রতাপ সিংহের পুনঃ প্রবেশ।

বাবা! বড় স্থসংবাদ। বাসনার অতিরিক্ত ঘটনা। আজকে গোধূলি লগ্নে এ ক্রিয়া সমাধা হওয়ার বিষয়ে তোমার কি কিছু আপত্তি আছে?

ৰুদ্ৰ। আমার আপত্তি ? এই দণ্ডে যদি হয় তো আমি সে পৰ্য্যন্ত অপেকা করি নে।

সীতা। তবে আর কি ? চপলা তুমি তবে এখন যাও। কথা তো স্তুদ্ধির হয়ে গেল।

[চপলার প্রস্থান।

যদিও আজ এই কার্য্য করাই দ্বির, তথাচ পুরোহিত ঠাকুরকে ডাকিয়ে তাঁর সঙ্গে একতে আজকার দিনটে বৈবা-হিক দিন কিনা সেটা একবার দেখা ভাল।

ৰুদ্ৰ। মহাশর! আজকেই যথন কার্য্য করা স্থির, তথন আর প্রয়োজন কি? যদি এ ক্লিক্সিইয় তবে শুদ্ধ মনের একটা বিকার জনাবে।

পুরোহিতের প্রবেশ। সীতা। প্রণাম! আসতে আজে হয়। এই মহাশয়ের নিকট লোক পাঠান যাচ্ছিল। মহাশয় যেন কোন দয়ালু দেবতার ন্যায়, স্কল আরণ কল্লেই দর্শন পাওয়া যায়।

প্ররো। আমিও ভোমাকে অন্তেখণ কাছে। সম্প্রতি
উপস্থিত দেখতে পাচ্ছি গত রাজার প্রান্ধ আর বর্ত্তমান
রাজার বিবাহ। প্রান্ধ সম্বন্ধে — তোমার যে তা দেখ গে—
ভোমাদের যা বিবেচনা তাই কর, তাতে আমার কোন
প্রতিবাদ নেই। দশটা ক্রিরাতে দশ টাকা লাভ হয়েছে,
ভাল একটাতে নাইই হল। কিন্তু বিবাহ সম্বন্ধে — তোমার
যে তা দেখগে—আমার তো কথা না কইলে চলে না;
যে হেতু তোমাদের বিবেচনা শুন্য।

সীতা। বিবাহ সম্বন্ধে আপনার কি কথা—আজে কলন।

পুরো। আমার জিজ্ঞাস্য এই বে রাজার যে বিবাহ

হয় ভা—তোমার যে তা দেখগে - এর পুরোহিত হবে কে?

সীতা। কেন? রাজার তো কুল-পুরোহিত বর্তমান।
পুরো। হাঁ, আর তোমাদের, জ্ঞান বুদ্ধি মন্তমান!
(উষ্ণভার সহিত) আরে রাজার আবার কুলপুরোহিতটে কে? সে ব্যক্তিটে কে, আমি তাই জানতে চাই।
সে বেটা—তাকে আমি বেটা বলে বলি—কোথাকার হরির
পুড়ো সে। ভাল, বল দেখি এক জন মুদ্দারাসের ছেলে
এসে রাজা হয়, আরে এমন ঘটনাও তো হতে পারে—
তার কুলপুরোহিত হল এক বেটা মৃডুই পোড়া বামুন।

এখন কি দেই মড়ুই পোড়া এসে রাজকুলপুরোহিত হবে ? ব্যাপার থানা কি ? ভাল তাই যা হোক, রাণীর পুরোহিত কে ?

সীতা। তা এ বিবাহে সম্প্রদান যেই কলক রাণীর পক্ষের পুরোহিত আপনি।

পুরো। এক্ষণে যেন তাই হল, উত্তর কালের ব্যবস্থাটা কি ?

সীভা। উত্তর কালে রাণী যে সকল ক্রিয়া করবেন ভার পুরোহিত আপনি, আর রাজার ক্রিয়া রাজার পুরোহিত করবেন। আর সাধারণ ক্রিয়াতে অর্চ্চেক অংশ পাবেন।

পুরো। ভাল, তা এঁদের যদি সন্তান হয়, ভবে সে সন্তান কার হবে? সে সন্তান আমার, না – ভোমার যেতা দেখগে—সেই রাজার পুরে।হিতের?

সীতা। মহাশয়! তবে এ বিষয় একণে নিষ্পত্তি হতে পারে না। আমরা এইকণ বড ব্যস্ত আছি।

পুরো। হাঁ হাঁ হাঁ, ভা আমার বিলক্ষণ জানা আছে। আমার একটা কথা হলেই ভোমার সময় খাকে না। ভবে আমি চল্লেম (গাল্লোখান)।

সীতা। মহাশয়, রাগত হবেন না। আমাদের একটা বিবাহ উপস্থিত, তাতেই আমরা রাস্ত্র।

প্রো। তোমাদের বিবাহই উপস্থিত হোক, জার

তোমাদের আদ্ধিই উপস্থিত হোক, তাতে –তোমার যেতা দেখগে—আমার ইফ্ট কি ?

সীতা। মহাশয়ের ইফী এমন কিছু না, তবে কি না মহাশয়কেই এই ক্রিয়েটি নিজ্পন করে দিতে হবে।

পুরো। বটে বটে বটে? তবে তো বাস্ত হতেই হয় বটে। আরে বিবাহতে লোক যদি বাস্ত না হবে, তবে আর কিশে ব্যস্ত হবে তা বল। ভাল ভাল, তবে আমার ও কথাটা এখন স্থাগিত থাকে থাক। তবে উপস্থিত ক্রিয়া আমাকেই নির্দাহ কর্তে হবে ?

সীতা। হাঁ, উভয় পকেই মহাশয়।

পুরো। হাঁ, আরো ভাল, আরো ভাল। আহা, ভোমার কল্যাণ হক। তুমি যত দিন আছ, তত দিন এরাজধানী আছে। তুমি চথ বুজলেই সব অন্ধকার। যাক, তবে এখন এ বিবাহটা কার?

সীতা। পাত্রী আমার কন্যা, আর পাত্র এই ৰজ-প্রতাপ সিংহ।

পুরো। হাঁ ? এখন সমাচার ? আহা ! আদি কি পর্যান্ত—তোমার যেতা দেখগে—আপ্যায়িত হলাম, তা আর কহতব্য না। যেমন পাত্রী তেমনিই পাত্র। যোগ্যং যোগ্যেন যোদ্ধয়েং। এখন শুভস্য শীত্রং।

সীতা। একট কথা আছে?

পুরো। আঃ আবার কি কথা ? যেমন পাত্র তেমনি পাত্রী, এতেও—তোমার যেতা দেখগে—আবার কথা ? আমি তো কোন কথাই দেখডে পাই নে। ভাল তা অগ্রে ক্রিয়াটা তো সমাধা হক, পশ্চাতে যে কথা থাকে তা হবে। তার নিমিত চিস্তা কি ? এখন কি ক্রিয়া রোধ করে কথা ? ক্রিয়া বড, না কথা বড।

সীতা। তানয়, তানয়।

পুরো। আবার তা নয় তানয় কেমন ? তাই ভো বটে।

সীতা। বিবাহটা অদ্যই দিতে হচ্ছে।

পুরো। ওছো, এই কথা ? তবে বল, তবে বল। ইা, এ ভাল। যে যে কথা থাকে—তোমার যে তা দেখলে—
পূর্বাহ্ছে শেষ করাই বিধি। পরে গোল করাটা মূঢ়ের কার্যা।

সীতা। অদ্য দিনদী কেমন!

পুরো। অদ্বিতীয়। এমন দিন অনেকের অদৃষ্টে ঘটে না। আমি এই এখন—তোমার যে ভাদেখগে –পাঁচি-শটে বিবাহের ব্যবস্থা দিয়ে আস্কৃতি।

ৰুদ্র। তা অধিবাদের তে। আর সময় হয় না ?

পুরে।। আরে অধিবাস কি আবার একটা কথার মধ্যে কথা না কি ? ওটা কেবল – ভোমার যে তা দেখগে – স্ত্রী লোকের ব্যবহার মাত্র। ওকি কোন শাস্ত্রে কথন ও

প্তনেছ? তবে আর মিথ্যা কথালরে সমর নট করা মুর্থতা।

সীতা। তবে আমি উদ্যোগী হই গিয়ে। [সকলের প্রস্থান।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

তারাবতীর উপবেশন মন্দির। তারাবতী, বিনোদা ও স্থরমার প্রবেশ।

ভারা। যত সন্ধ্যা নিকট হচ্ছে, ততই আমার উদ্বেগ বাড্যন্ত। উপযুক্ত উপায় কিছুই হল না।

বিনো। কেন, মন্ত্রী মশার বখন মহারাজের চিঠি দেখে গিয়েছেন, তখন কি তিনি কিছু উপায় করবেন না?

ভারা। তাঁর উপায় তো ক্তমপ্রতাপ সিংছের সঙ্গে বিয়ে দেয়া। সে বিয়ে যে আজই দিতে হবে এমন কিছু তাঁর কথার ভাবে বোধ হল না। এ দিকে মহারাজ যে রকম প্রেমোয়র্ভ, ভাতে আমার নিশ্চয় বোধ হচ্ছে মন্ত্রীকনাার সঙ্গে সাক্ষাৎ হলে ভিনি কখনও অবিবাহিত কিরে আসবেন না। তা হলেই আমার হয় প্রাণত্যাগ না হয় গৃহত্যাগ এই ছয়ের মধ্যে আমার বৃদ্ধি।

স্থর। কিছুই তেগ কত্তে হবেক নি। বিনেয়। সে কেমন গ

সুর। সানাপতি মশার বিয়ে সঞ্জের এগুতে হয়ে গ্যালেই তো ভ্যাকাল যুচে গেল ?

তারা। হা।

স্থা। তবে তার তরে ভাবতে হবেক নি।

তারা। কি ? কি ? কি ? কেন, ভাবতে হবে না কেন?

স্ব। সে কথা আমি ঠিক করে রেখে দিয়েছি।

তারা। আহা! স্থরমা! তা যদি হয় তবে তুমি আমার কি উপকার না কল্লে। স্থরমা আমার উপকার কেন একটি ভয়ানক বিপদ হতে তুমি এই রাভ্যটী রক্ষে কল্লে। তবে কি কৌশলে এটা সুসিদ্ধ কল্লে বল দেখি ?

স্থুর। মহারাজের হাতের লেখা মেই চিটী খানটী ছেলোকি না?

তারা। হাঁতা তোছিল বটে।

ু স্থুর। রামধন বিশ্বেস দাদা যেমনিটা দেখবে তেমনিটা নিথে দিতে পারে কি না ?

তারা। হাঁ, পারে।

স্থর। বদ! সেই মহারাজের নেখার মতন এমবি আর এক খানা নিখিয়ে নিজু, যেন মন্ত্রী মশার মেয়ে দেখতে মস্তরই অমনি তেলে বেগুণে ছলে উঠে সঞ্জের এগুতে স্যানাপতি মশাংকে বিয়ে করে বদে থাকে। সেই চিঠি নিয়ে গে আমার পিস্তত ননদের ঠিঁরে দিয়ে একু। সে একটু নিগতে পড়তে শিগেছে কি না, চিঠি দেগতে মন্তরই অমনি বলে উঠেছে, "এ যে রাজকুমারের হাতের নেথা।" এই বলে আর ভার সইল নি, অমনি মন্ত্রী মশার বাড়ী পানে ছটল। এই আর কি।

বিনো। ও—মা! ওলো অবাক্ কল্লি মেনে। তলে তলে এত কীত্তি করিছিস বসে বসে ? ধনি মেয়ে বটে বাপু।

তারা। অধিক কি বলব স্থারমা। তুমি যদি পুরুষ হতে, তবে বিনে লেখা পড়াতে তুমি প্রধান মন্ত্রীর কর্মা চালাতে পাতে। তুমি যে কাজ করেছ তাতে এই দেশের ইতিহাসে তোমার নাম থাকবে।

বিনো। ওমা সেকি গো! এই দানে দরবারে সব্বাই স্থ্রমার এই কীতি নিয়ে পাঁচা করবে? ওর ভাশুর শৃশুর অবৃদি জানবে? ওমা কি নজ্জা কি নজ্জা!

তারা। স্থর ক্ষায়া কেশিল তো সাঁওতালের তীরের মত, নিশেন মারবেই। কিন্তু তবু কি হল না হল একবার জানতে পালে ভাল হত।

স্থর। সে আর জানতে হবেক নি, এত খন সে বিয়ে হস্ছে।

তারা। তুমি আন্দাজে বল্ছ, নাছে, নে বল্ছ?
সূর। আঞ্জাদ ফাঞ্জাদ কাকে বলে তা আমি বুঝি
নে। আমি যা জানি তাই বলি।

তারা। তুমি জান, বিবাহ হচ্ছে ?

স্থব। আমার ননদ এক চিঠি নিয়ে মন্ত্রী মশার কাচকে এসেছেলো কিনা? সে আমাকে বল্লে কিনা?

তারা। সুরমা! তোমার ঐ রাঢ় দেশী কথা গুলিতে আজ যেন একটি সূতন মাধুরি বর্ষণ কক্তে। তোমার দর যেন বিনার দ্বর বোধ হচ্ছে। তা এখন এদিকে তো সব স্থবিধে হল। কিন্তু মহারাজের চাকর যে বন্ধ থাকল, তাতে আমার ভয় হচ্ছে। তার যত বিলম্ব দেখ-ছেন, ততই মহারাজ অন্থির হচ্ছেন, পলকে প্রলয় হচ্ছে। তাই বলি তিনি হতাশ হলে একটা হিতে বিপ্রীও ঘটবে ?

ভীমরায়ের প্রবেশ।

এই যে কোটাল, আমি ভোমাকে ডাক্তে পাঠা-চ্ছিলাম।

ভীম। কি আজ্ঞাহয়?

তারা। মহারাজের চাকরটী এদিকে রইল বন্ধ মহারাজ ওদিকে থাবলেন আশায়, সেটা তো ভাল হল না।
মহারাজের হৃদরে একেতো অনুরাগের আওণ জ্বলে
রয়েছে, তাতে পত্রবাহক ফিরে না আসাতে, সংশয়,
তুশিততা, ব্যগ্রতা, রাগ, এই সকল ক্রমাগত উদর হচ্ছে।
অভএব প্রবল আগুলে যা পড়ে ভাইই আগুণ হয়।
আবার অনুরাগের সচ্ছে যদি রাগের যোগ হয়, তবে

একটা অনর্থ ঘটবে, খেমন ছুটি কঠিন বস্তুর পরস্পর আঘাতে আগুণ করে। এতে আমার বড় তাস হচ্ছে। বিশেষতঃ দেনাপতির সঙ্গে যে মন্ত্রীকনার বিবাহ হয়েছে, মহারাজকে এইটে জানান হচ্ছে আমাদের উদ্দেশ্য। তা চাকর ভিন্ন মহারাজ গোপনে জোয়ালাপুর খেতেও পারবেন না, আর বিবাহের বিষয় জান্তেও পারবেন না।

ভীম। এক উপায় আছে। মহারাজের চাকরের সহাদের আমার চাকর। ছুজনের অবয়বের এমন একতা যে তাদের মাতারও ভ্রম হয়। উভরেরই বাম হত্তে ছটি অঙ্কুলি, উভরের মাধার এক রকম টাক, উভরের নাকে একটা আচিল তাতে চারটা চুল, উভরে শাবদন্তী, আর গলার স্বরও এক রকম। এই চাকরকে মহাজের কাছে দিলেই হবে।

ভারা। তবে আর কি ? এখন তো সবই মনের মত যোগাড়ে হল। আমাদের কাজ আমেরা কল্লেম, এখন মাদুর্গার ইচ্ছে।

[সকলের প্রস্থান।

তৃতীয় গভা क्र।

রাজার বৈঠকথানা।

গিরীক্র সিংহের প্রবেশ।

গিরী। রানা এখনও আস্ছে না কেন? জোরালাপুর
পাঁচ ক্রোশ। প্রত্যেক ক্রোশ হুদণ্ডের হিসেবে রাত্র
এক প্রহরের সময় তার ফিরে আসা উচিত। তবে কিনা
যাবার সময় যত জত চল্তে পারে, আসবার সময় প্রাতি
জন্য কিছু শিথিল হয়ে পড়ে। যা হক দেড় প্রহরের মধ্যে
আসবার তো বাধা নেই। তাতে হুই প্রহর অতীত হল
(ঘড়ি ধানায় নবম দপ্ত বাজিতে শুনিয়া) এঃ এ ঘড়িন ওয়ালা হয় নেশাবাজ, না হয় নিজালু।

রামার বেশে গদার প্রবেশ।

ওঃ এত দেরি ?

গদা। মশায় আপনি ডেরি বল্ছেন কিশে?

গিরী। তুমি যে সময় গিয়েছ তাতে রাত্র দেড় পারের মধ্যে অবাদে ফিরে আসা যায়।

গদা। তারাত কত হয়েছে গা? এখনও যে দশটা বাজিনি।

গিরী। আহা। এই সকল অধীন অবস্থার ফল। সর্বন।

দণ্ডের ভয় স্কৃতরাং দণ্ড এড়াবার জন্য মিধ্যা কথা রচনা কত্তে হয়। তা যাক তুমি মানমন্ত্রীর নিজ হাতে চিঠি দিয়ে ছিলে তো?

গদা। চিঠি ফিরে নেইচি।

গিরী। কেন?

গদা। নিলেক নি।

গিরী। সেকি?

গদা। তা জামি কি আর হয়কে লয় কচ্ছি গা ?

গিরী। তবে কার সঙ্গে তোমার দেখা হল, কার দঙ্গে কথা হল, কে চিঠি ফিরে দিলে? এ সব একটি এফটি করে বল।

গদা। আমি গেলে দরাণ দাদাকে গিয়ে বনু বে মানময়ী ঠাকুরঝির কাছকে চিটি দিতে ধাব। তা বল্লে "কুমুম নি"। আমি বনু খবর দাও। তাই খবর দিতে মন্তরই চপলা বেরিয়ে এল। তাকে বনু মানময়ী ঠাকুরঝির নামে মহারাজের চিটি আছে, তাই তাঁর সঙ্গে দেখা কত্তে হবেক। বল্লে "আর চিটি দিতেও হবেক নি, আর দেখা ক্তেও হবেক নি। তুমি যাঁর চিটি তাঁকেই দাও খেয়ে"। এই বলেই চলে গেল, আর হাঁক দোই মানলেক নি। ফিরেও চাইলেক নি।

গিরী। মানময়ীর সহদ্ধে আর কিছুই বল্লেনা? গদা। আমি কি আর হয়কে লয় কচ্ছি গা? গিরী। চপলার কথাতে তার মনের ভা রাগ না জুঃখ ?

গদা। ডাল্খিচুড়ী।

গিরী। হাঁ! তাই বই আর কি ? তুইই আছে। এক্ষণে তুমি অর্থশালার দারোগার কাছে বলগে, যে অর্থটি জোয়ালাপুর হতে আমার সঙ্গে এসেছে, তাকে তৈয়ের করে এক জন সইস তাকে লয়ে সিংহছারের বাইরে অর্থপ তলায় অবস্থিতি করে।

িগদার প্রস্থান।

(গাত্রোখান করিয়া বিচরণ করিতে করিতে) হুর্জ্জর অভিমান! আমার পত্র গ্রহণ কল্লেন না, আমার লোকের সঙ্গে সাক্ষাৎ কল্লেন না, চপলাও তার একটা কথা শুনলে না। ঘাই হক, আমি গিয়ে প্রকৃত ঘটনা গুলি রুগ্রিয়ে দিলে এ অভিমানের সমতা হবে। এখন যেতে পাল্লে হয়। (বাহিরে উকি মারিয়া) ওঃ! রাত্রের কি ভয়নক চেহারা! যেন প্রলয়ের নমুনা। একণে রাত্রের যৌবন অবস্থা। সকল অবয়ব গুলি সম্পূর্ব হয়েছে। সব নিশুতি। নগরের শত শত ক্লুত্র বৃহৎ গলি সকলে যে এই নগরের শিরার স্বরূপ এভক্ষণ মানব প্রোতে পরিপূর্ব ছিল, এক্ষণে শূন্য হয়েছে, ধনাচ্য লোকের অট্টালিকা ও দেব মন্দির সকল যে তাহাদের স্থদর এবং বিশাল কলেবর প্রদর্শন করে এভক্ষণ পথিক

জনের সময় অপহরণ কচ্ছিল, এখন সে সকল যেন নিদ্রায় অচেতন হয়েছে। ফলতঃ এই মহা নগরী সম্প্রতি এমনিই নির্জ্জন ও নিস্তব্ধ হয়েছে যে কোন প্রকাপ্ত গোরস্থানের সঙ্গে এর সৌসাদৃশ্য হয়। এই আমার যাবার উপযুক্ত সময়।

প্রস্থান।

চতুর্থ গর্ভাঙ্ক

মান্যয়ীর শয়নাগার।

এক পালঙ্গে মানময়ী ওবিতীয় পালঙ্গে কন্দ্রপ্রতাপ সিংহ।

কদ্র। সুদরী! তবে তুমি এ বিবাহে সমত হলে কেন? আমার দর্শন তোমার চকু শূল, আমার তালাপ তোমার প্রতিগীড়া, আমার সঙ্গ তোমার অন্তর্গাহ হার কি তুরদৃষ্ট! আমার মনোড়ঃখ যেমন ভুঃসহ তেননি অপূর্দ্ধ। বাসনা সফলা হলে সকলে স্থা হয়, আমার বাসনা সফলা হরে প্রাণ যার।

মান। আপনার অবস্থা আমি বুনাতে পাহ্ছি। আমিও স্থাংর আশায় বিবাহে সমত হয়েছি। কিন্তু কি করি! স্ত্রী জাতির শরীর অপেকা মন আরও ছুর্মল। আমি জান্ছি আপনাকে প্রদ্ধা ভক্তি করা আমার বেমন কর্ত্তব্য তেমনি হিতকর। কিন্তু মন সে পথে যায় না। এই ঔষধে প্রাণ বাঁচবে, জেনেও সেবনে প্রবৃত্তি হয় না। (হস্ত ষোড় করিয়া) আমার অপরাধ মার্জনা করবেন।

কর। তাতে যদি তোমার মন সুস্থ হয়, তবে তোমার এক অপরাধের জন্য আমি শত মার্জনা কহিছ। কিন্তু আমার যাতনার উপায় নেই। আমার অপরাধ তগবান মার্জনা ককন। আর যদি তোমার কাছে কোন অপরাধ করে থাকি তুমিই মার্জনা কর।

মান। আমি আপনার কথায় কোন উত্তর দিতে পারি নে। আপনি আমার প্রাণ দপ্ত কহুন। কেন্না যে স্ত্রী স্বামিকে শ্রদ্ধা কর্তে না পারে তার মরণই মঙ্গল।

কদ। আশা পূর্ণ হলে দকলের সুধ হর আমার হল আশা পূর্ণরূপ বিভ্রমা। আমার এ ছংখের উপার নাই। আমার শক্ত হননীয় নয়। যদি কোন পরাক্রান্ত মকুষা আমার বিপক্ষ হত, আমি শুদ্ধ বজুমুটি প্রহারে তারে কীচক বধের অনুক্রণ কর্ডেম। যদি সিংহ সার্দ্ধিলাদি কোন বিক্রমশালী পশু আমার বিরোধী হত, আমি বাছ বলে তার গ্রীবা ভক্ষ করে নাশ কর্ডেম। কিন্তু আমার হদর ভেদ হচ্ছে মধুর বচনে, তীক্ষ্ণরে নয়; আমার শরীর জ্লছে শ্রিধকর মন্দ সমীরণে, জ্লন্ত ত্তাসনে নয়;

আমি নিছত হচ্ছি আমার জীবনের দোসর রমণীর দ্বারা, কোন প্রাণনাশক শক্র দ্বারা নয়। আমার মৃত্যু হচ্ছে ঔষধে, রোগে নয়। (মানময়ীর পালঙ্গের প্রতি দৃটি করিয়া) বোধ হয় নিদ্রাকর্ষণ হল। ভাল আমার প্রতি প্রতিকূলতা এর যেন স্বভাবসিদ্ধ। এর কারণ কি? স্বন্য পুরুষের প্রতি আশক্তি? না তা নয়। তা হলে বিবাহ করবেন কেন? দেখি কি হয় আমিও তবে শয়ন করি। (শয়ন)

গিরী। (মানময়ীর পালদ্বের নিকটস্থ ইইয়া)মান-ময়ি!

কদ। (নিকোশিত তলোয়ার হস্তে গাত্রোপান)
কেরে ? আমার হস্তে কার মৃত্যু ইচ্ছা হল ? (কদ্রপ্রতাপের তলোয়ারের বিপরীত গিরীক্র স্বীয় তলোয়ার উদ্ভোলন ও তৎক্ষণাৎ সম্বরণ ও প্রস্থান ও কদ্রপ্রতাপ ততুদেশে চুই তিনবার তলোয়ার মারিতে গিয়া শৃন্য গৃহ জানিয়া বিশ্বয়াপর)। একি ? আর যে কিছুই নেই। এটা কি ভাতিক ক্রিয়া ? আমি তো মনুষোর পায়ের শব্দ শুনেছি, আর মানময়ীর নাম উচ্চারিত হয়েছে। আবার আমার তলোয়ারের বিক্তদ্ধে এক খানি অতি মনোহর হীরকাদি জড়িত তলোয়ার বিহাতের নাম চমকে অমনি লুকিয়ে গেল। এ সকল কি ? ছার তো সকলই বন্দ, আলোটা মিট কিটক কচ্ছে। দেখতে হল। (সূতন বাতি জালিয়া

অবেষণ) কই, কিছুই তো দেখি নে। এটা ভেতিক ?
কেননা সকল ছারই তো বন্দ আছে। আহা! মানমন্ত্রীর চরিত্রের প্রতি আমার মনে ছুই তিন বার সন্দেহের
উদ্রেক হয়েছিল। কিন্তু দেটা কিছু নর
মুখে বল্ছি এবং মনেও বুঝাতে পাচ্ছি, তবে আবার
ফদরের মধ্যে জলে জলে উঠ ছে কি ? আহাঃ! আমার
এই বাসর শ্যা যথার্থ কি মৃত্যু শ্যা হয় নাকি ? এ কথা
কারে বলি ? কি করি? মানমন্ত্রীকে জিজ্ঞাসা করব ? না,
ভাতে হিতে বিপরীত হবে। ওঃ কি যাতনা! আর যে
সইতে পারিনে, আমার হদয় যেন ভাপরার পাত্রের ন্যায়
ফাটে ফাটে হল। যা হক তদন্ত না করে কোন কায় করা
হয় না।

(পটক্ষেপণ।)

পঞ্চন অঙ্ক

প্রথম গর্ভাঙ্ক।

সীতাপতি সামস্তের থিডকির উদ্যান, লতামঞ্চ।

মানময়ী চপলা ও বিমলা আসীনা।

বিম। ওকি ? এই বল্লে যে উদ্যানে এলে নানা জাতি ফুল ও গুলা লতাদি দেখেও কোকিল ভ্রমর ইত্যাদির গীত শুনে একটু স্থির হবে, তা কই। ঘরেও যেমন চখের জল পড়ছিল এধানেও তেমনি?

মান। স্থি। আমাকে মিথ্যা ভর্মনা কর। যেমন গায়ের জ্বালা হলে একবার বিছানার, একবার মাটিতে, কথনও বা ঘরে, কথনও বা বাইরে ছুট ছুট করে, কিন্তু কোথাও ছির হতে পারে না, আমার ভেমনি হয়েছে। কোকিলগণ আনন্দে কুছ কুছ না করে কাতরে উহু উহু কছেছে। তালিদল যেন মুহুহুরে আমার সঙ্গেদহে। মল্রা মাকত যেন আমার হুংথে হুংখিত হয়ে দীর্য খাস ত্যাগ কঙ্গে। তবে স্থি। আমার এ যাতনার উপায় নেই। কেন না যাতে প্রতিকার হবে তা আমি করব না, আর যা আমি করব তাতে প্রতিকার

হবে না। আবার এক জন সর্ব গুণাবিত ধার্মিক সফল সুগে স্থাী পুক্ষকে আমি (বোদনের সহিত) বিবাহের ছলনা করে ছঃখের সাগরে ভাসালেম।

> উদ্যানের অন্য এক ভাগে গিরীন্দ্র সংহের প্রবেশ।

গিরী। এই তো দেই খিড়কির উপবন। এখন প্র গ্রেষ্ করি কেমন করে? আরি মানম্যীর সঙ্গেই বা দেশা হবে কিনে? কেউ পাছে দেখে। আনি এখন কুমার গিরীক্ত সিংহ নই। আমি এখন রাজাধিরাজ। কিন্দ্র একটা জগন্য কলা চোরের নায় এক ভদ্র লোকের খিড়কীর বাগানে প্রবেশ করেছি। যে পর্যন্ত গত রাত্রে মানন্মীর গমন মন্দিরে ঐ পুরুষটাকে দেখছি, সেই পর্যান্ত আমার হৃদ্য কন্দরে যেন আংগ্রেয় পাহাড়ের উদ্দীপণ হক্তে। ঐ পুৰুষটা কে? কেন ছিল? কি উপলক্ষে ছিল? আঃ আমার শরীর জীবিত অবস্থাতেই দগ্ধ হল। আমার রাজধানী শাশান--আমার সিংহাসন জলত চিতা। অলু-রাগ ধন্য তোমাকে। তোমার শক্তির পরিমাণ নাই, তোমার ক্ষমতার সীনা নাই। তুমি এক ষোড়শী কোম-লাঙ্গী কানিনী, কিন্তু মহিব। তর শুস্ত নিগুম্ভ প্রভৃতি ত্রিভূ-বন-বিজয়ী বীরগণকে অবলীলা ক্রমে ঈষৎ হাস্যের সহিত মুদুস্বে গান করতে করতে দলন কর। একি ? মনো-যোগে প্রবণ করিয়া) ক্রমে রোদন ধনি, কেউ রোদন কচ্ছে তাকে আর কেউ প্রবোধ দিচ্ছে। দেখতে হল লেতামঞ্জের নিকটে কামিনী গাছের আড়ালে অবস্থিতি।)

চপ। তবে যদি ঘরেও যেমন এখানেও তেমনি, বরং এখানে আরও বাড়ল, তবে ঘরেই যাওয়া ভাল।

মান। নানা, সধি! তা নয়। এখানে তরু তাল করে কাঁদতে পাছিছি, মরে তাও হয় না বিশেষতঃ এখানে কালকের আমোদের আয়োজন সকল রয়েছে। এ সকল দেখে এক একবার ভ্রম হক্তে যেন আমরা আগে এসেছি রাজকুমার পাশ্চাতে আসছেন। কখনও এমন বোধ হচ্ছে যেন রাজকুমারের সঙ্গে আমোদ প্রমোদ হচ্ছে। যেন তাঁর সঙ্গে এই কথা হচ্ছে, এই রূপ পরিহাস হচ্ছে, আমরা যেন এই কথা কিছি, তিনি যেন তার এই উত্তর দিচ্ছেন। বিয়োগ যাতনায় এই রূপ ভ্রম বড় উপকারী।

বিম। আহা! কি জালাই হল আমার প্রাণ কেটে যায়। রাজকুমার! তুমি এত কাল কেমন করে বঞ্চমা করেছিলে। আরে এমন যে প্রভাতের নব বিকশিত গোলাব, যাতে এখনও স্বর্বে,র তাপা লাগে নি, যাতে জ্বর বদে নি, ভাকে তুমি একেবারে জ্বলন্ত আগুণে পোড়ালে!

গিরী। (প্রকাশ হইয়া) সধি, ভোমরা আমার প্রতি মিখ্যা দোষারোপ কচ্ছ। আমার অপরাধ কি? সকলে। ওমা, একি ?

চপ। আপনি কেমন করে এখানে এলেন ?

গিরী। আমি মৃগয়ার ছলে বিজন কাননে এসে এক জন আখাবোহী দৈনিকের বেশে এখানে এসেছি।

বিম। এখানে আপনার প্রয়োজন কি ? গিৱী। স্থি।

বিদ এবং চপ। সে কি ? আপনি স্থি বলেন কারে, আপনি স্থি বলেন কারে? আপনি হচ্ছেন রাজা! আমরা আপনার প্রজা।

গিরী। আমি রাজাই হই আর সম্রাটই হই, তোমা-দের কাছে আমি, আর আমার কাছে তোমারা, সকলই সই। মানময়ী কি আমার সঙ্গে কথাও কইবেন না ?

মান! (নত শিরে) আরও কি বঞ্চনা করবার মান-আছে ?

গিরী। সে কি ? বঞ্চনা কেমন ? আমি এ কি দেণ্ছি, কি শুনছি ? আমার যে আর বাক সরে না। আমি রাজ সিংহাসন ত্যাগ করে বনে এসে, আবার সেখান থেকে ছদ্ম বেশে এখানে এসেছি। এ সকল কি বঞ্চনা করবার জন্যে ?

মান। আপনি রাজ পুল, রাজা হয়েছেন, রাজ কন্যা বিবাহ কর্ত্তে বসেছেন। আর এখানে কি ওুয়োজন? আপনার উপযুক্ত সবই তো হয়েছে। গিরী। মানময়ি! আমি রাজ কন্যা বিবাহে কখনই সম্মত হই নি। আমার শত শত মিনতি, তুমি অমন কর্কণ ভাবে কথা কইও না। তোমার প্রত্যেক কথাতে আমার বোধ হচ্ছে যেন আমার হৃদয়ের একটি শির ছিল্ল হল।

মান। কেন ? আপনি রাজ কন্যাকে বিবাহ কর-বেন, আপনার কাজ কথা উভয়ের দ্বারা প্রকাশ। প্রথমে সভায় বলেছেন, পরে পত্রে লিখেছেন।

গিরী। আমি এখন কথাও বলি নি, এখন পত্রও লিখিনি। তুমি আমার কথা ওলি একটু স্থির হয়ে গুন। আমি আর কিছু চাইনে।

মান। আমি কালাও হই নি, কাণাও হই নি। আমি স্ফকর্বে আপনার কথা শুনিছি, স্ফক্টে আপানার পত্র দেখিছি। এ সকল অলীক কথা আর কেন? আপনি কি আমার ধর্ম নফ করবার আশা করেন?

গিরী। (উভয় করে কর্ম আচ্ছাদন করিয়া) ওঃ
মানমরি! তুমি বল্লে কি? আমি তোমার—উঃ! এ
কথা তুমি উচ্চোরণ কল্লে কেমন করে? তোমার জন্যে
আমার প্রাণ বিয়োগ হতে বসেচে। এই আমার চেহারা
দেখ। আমি যে পর্যান্ত রাজা হয়েছি, সেই পর্যান্ত
আমার আহার নিজা গিয়েছে। বিনেষতঃ গত রাত্রে
যে পর্যান্ত তোমার শর্নাগারে একটা পর পুরুষ দেখিছি,
সেই অবধি আমার প্রাণ যেন অগ্লিবেষ্ঠিত বৃশ্চিকের

ন্যায় অস্থির হয়ে নিষ্কৃতির পথ অলেষণ কচ্ছে'। সে পুরুষটীকে?

মান। (উঞ্চতার সহিত) সে আমার জীবিতেখন, ক্তপ্রতাপ সিংহ। চল সধি! এখানে আর বিলম্ব করা উচিত না।

মানম্মী, চপলা ও বিমলার বেগে প্রস্থান।

গিরী। অঁগা! ভোমার জীবিতেশ্বর! (অমিএস্তের
ন্যায় ঘাটের আলিমের উপর বৈসন ও কিয়ৎকাল চিন্তা
নিস্তব্ধ থাকিয়া) আমার জীবিতেশ্বর, উঃ! এর প্রতি
বর্ণে শত বজাবাং হচ্ছে। এখন আমার রাজত্ব করা, মানমন্ত্রীকে বিবাহ করা, সুখ সম্পদ ভোগ করা এই সকল আশা
ইম্প্রধন্তর ন্যার আকাশে লীন হল। এক্ষণে আমি কি
করি। বনে গিয়া তপস্যা করি কি জলে গিয়া জীবন শেষ
করি। সম্প্রতি হুঃখের বিষয় যে আমি দোষ না করেও
দোষী হলেম। আমি সর্ব্বত্যাগী হব, কিন্তু আমার ক্লপরাধ
নেই এটা প্রমাণ করে যেতে হবে। আর সভাই কি ক্রম্রপ্রতাপ সিংহের সহিত বিবাহ হয়েছে? করে হল, কথন
হল। না, এ কথাটা শুদ্ধ আমাকে ইর্গানলে পীড়িত অ
করবার জন্যে বলেছেন। যা হক শেষ পর্যান্ত দেখতে
হবে।

দ্বিতীয় গভ1ক

বিজয় কানন কন্দ্রপ্রতাপ সিংহের তাঁবু।

রুদ্রপ্রতাপ সিংহের প্রবেশ।

কদ। কি আশ্চর্যা! এত লোকের কাছে জিজ্ঞাসা কল্লেম, মহারাজের সংবাদ কেউই বলতে পারে না। তাঁর সঙ্গেও কেউ যায় নি; সকলেই এইখানে উপস্থিত। এ যেন বিবাহের সমারোহে আর সকলই আছেন শুদ্ধ বর নেই। রথের গোল সম্পূর্ণ রয়েছে, কিন্তু রথে দেবতা নেই। এও ভো বড় বিপদ। প্রাতঃকালে আসা হয়েছে আর বেলা তৃতীয় এহর হল। আর ভো নিরন্ত থাকা যায় না। মহারাজ বিনে সকলই অসার, সকলই নীরস, কিছুই ভাল লাগে না।

> রাজ শরীর রক্ষক সৈন্যদলের অধ্যক্ষের প্রবেশ।

অধ্য। নমস্কার! অধীনকে কি নিমিত্ত স্মরণ করেছেন। কন্তঃ। এক! মহারাজ কোখা?

অধ্য। কি জানি? আমি বলতে পারি নে।

কদ্র। সে কি ? এরপ অসঙ্গত কথা হইতে তোমার যে আদৌ বাধা বোধ হয় না দেখি। তুমি কোন্ কর্মের জন্ম মহারাজের অর ধংশ কর্ম্ছ? অধ্য। মহাশ্য! আমার অপরাধ মাপ হয়, আমি সে ভাবে বলি নি। আমরা মহারাজের সঙ্গে এই বনে প্রবেশ কল্লেম। তখনই মহারাজের আজ্ঞা হল যে আমরা এই খানে থাকি। পরে মহারাজ একা এই দিকে গেলেন। সেই পর্যান্ত আমরা এই খানেই আছি।

ক্স। তুনি জান যে এ অভি ভ্রানক বন। এ ছলে সিংহ বাজে আদি হিং অক পশুর আকর। যদিও মহারাজের তুলা বীর পুক্ষের ভাতে শঙ্কা নেই, কিন্তু কোন
মানব শক্র গুপ্ত আঘাত কল্লেও তো পারে। এ ছলে এই
সকল কারণ প্রদর্শন করে তুমি কেন মহারাজের সঙ্গে
যেতে উদাত না হলে?

অধ্য। আপনি কর্ত্তা, যা বলেন তার বিপরীত উক্তি করাতে আমার অপরাধ হয়। রাজ আজ্ঞার বিকদ্ধতা করা কি সঙ্গত ? তাতে হিতে বিপরীত হতে পারে কি না ?

কজ। ভোমার হিতে বিপরীতের অর্থ এই যে রাজার রাগ হলে ভোমার কিছু অনিন্ট হতে পারে। তবে সার্থ সাধনই ভোমার মনের প্রধান সংস্কার। সত্য পূর্ণ হন্দর, ধার্ম্মিক, রাজনিষ্ঠা লোকের পক্ষে রাজার মঙ্গলই এক মাত্র উদ্দেশ্য। তা যাক। মহারাজের সন্ধান শুদ্ধ তুমি ও ভোমার অধীন সেনা দলের জানা উচিত ও সম্ভব। অত-এব ছুই দণ্ডের মধ্যে তুমি সে সন্ধান এনে দাও। নচেং ভোমানিগকে আমি নিশ্চয় কারাগারে প্রেরণ করব।

জনেক চোপদারের প্রবেশ।

চোপ। হজুর ! কি জন্যে গোলামের তলব হয়েছে।
কন্ত । সৈন্যদের মধ্যে এই ঘোষণা দেও, যে ব্যক্তি
মহারাজের সন্ধান আন্তে পারবে, তার বেতন বৃদ্ধি
হবে, পদের উন্নতি হবে। আর আমি নিজ হতে তাকে
প্রাচুর পারিতোষিক দেব।

ি সকলের প্রস্থান।

তৃতীয় গভা ক

রাজ প্রাসাদ।

গিরীন্দ্র সিংহের প্রবেশ।

গিরী। "আমার জীবিতেশ্বর" ওঃ এই অক্ষর করটি যেন আমার হৃদরে কোন আশানিত অস্ত্রে খোদিত হয়ে সেই রেখা গুলি নসীর পরিবর্ত্তে কালকুট বিষে পূর্ব করা হয়েছে। ক্তপ্রভাপ। তোমার সৌভাগ্য অতুল। তুমি মহারাজা গিরীক্র সিংহের হিংসাস্পদ। আমি কেনই বা রাজত্ব স্বীকার করেছিলেম। তা যাক, গতাত্ত-শোচনে বর্ত্তমান যাতনার উপশম হয় না। এক্ষণে মানম্যীর সঙ্গে সাক্ষাৎ করা আবশ্যক। কিন্তু ক্তপ্রভাপ

মুক্তাবস্থার থাক্তে সেটি হর না। আমি রাজা হওর।
পর্যান্ত চোরের ন্যার বাবহার করে আসছি - মিথ্যা কথা,
প্রবিশ্বনা, গুপ্ত গমনাগমন। এখন আবার ডাকাইতের
ব্যবহারও কর্তে হচ্ছে। যেহেতু কন্দ্র ভাগ সিংহকে
পীড়ন করা অপেক্ষা আর কি অভ্যাচার হডে পারে।
কন্দ্র প্রতাপ যেমন বীর, ভেমনি ধার্মিক, ভেমনি রাজ ভক্ত।
কেমন করে আমি বিনা অপরাধে ভার প্রতি পীড়ন
করি। বড় কঠিন বাধা। কি করি আর উপায় নাই।
স্বতরাং এ কাজ কর্তে হল। এর পরে সেনাপ্তির যাতে
সম্বোব হয় ভাই করব। তবে আর বিলম্ব করা হয় না।
চোপদার!

(জনেক চোপদারের প্রবেশ।)

কোটালকে শীত্র ডাক। গোপ। যে আজে, মহারাজ।

প্রস্থান ও কোটাল সহ পুনঃ প্রবেশ।

ভীম। দাসের প্রতিকি আজঃ ?

গিরী। এখনি সেনাপতি কন্ত্রপ্রতাপ সিংহকে কারা-বন্ধ করে আমাকে সংবাদ দাও।

ভীম। আজে—মহারাজ- দেনাপতির –অপ——

গিরী। কি? শেনাপতির অপরাধ কি তাই তুমি আমার কাছে জিজ্ঞাসা কর্তে সাহসী হচ্ছ না কি? এত বড় যোগ্যতা! সত্ত্ব আমার আজ্ঞা পালন কর। তিলার্দ্ধ বিলম্ব কল্লে তোমার প্রতি উচিত দণ্ড বিধান হবে। ভীমরায়ের প্রস্থান।

ওঃ! স্থন্ধ অত্যাচারের ক্ষমতাই, অত্যাচারের সাধারণ বীজ। আমি ভীমরায়কে সহজ ভাবে বল্লেও ভো পার্কেম, কিন্তু রাজ ক্ষমতার অহঙ্কারে হঠাৎ রাগ হয়ে

সীতাপতি সামন্তের প্রবেশ।

সীতা। এ কি? আপনি সেনাপতিকে কারাক্তর কল্লেন কেন।

গিরী। সেনাপতির প্রতি আমার কিছু সন্দেহ হরেছে। সীতা। সেনাপতির প্রতি সন্দেহ ? আমি মুক্তকণ্ঠে বলিতে পারি এ সন্দেহ নিতান্ত অমূলক আর তাঁর প্রতি এ ব্যবহার অতি অ্যোগ্য।

গিরী। এই কথা প্রমাণ সাপেক।

সীতা। এ কথা এই দণ্ডে প্রমাণ হবে, অপরাধটা শুনতে পেলেই হয়।

গিরী। অপরাধ বিদ্রোহ।

সীতা। বিদ্রোহ? এ কথা ক্তন্তপ্রতাপ সিংহের সম্বন্ধে? আপনাকে রাজা কর্লে কে?

गित्री। यिनि तोषा अका मकतनद्रहे कर्छ।।

भीछ। माकार मध्या ?

গিরী। আপনি এ কথা কেন বলেন? রাজা না থাকলে প্রজারাই রাজা সংস্থাপন করে থাকে, সেই অনু-রোধে কি রাজা প্রজাকে শাসন কর্তে ক্ষান্ত হবে?

সীতা। রাজা শাসন করেন বটে, কিন্তু স্বীয় বলে নয়, পর বলে। সে বল আপনার কোথায় ? আপনি সিংহাসন অধিকার করেছেন, কিন্তু সেনাগণের হৃদ্য় অধিকার কর্জে পারেন নি। তারা একথা ভনলেই এখনি বাহুদের রাশিতে আগুণ লাগবে। ক্যুক্তভাপ সিংহ তাদের জীবন, তাদের উপাস্য দেবভা।

গিরী। যাই হক, আওকে এই অবস্থাতে থাকতে ছবে।

সীতা। (খণত) মনুষ্য জাতি এমনি ক্ষীণ বুদ্ধি সে ক্ষমতা অন্যায় রূপে ব্যবহার না কলে যেন ক্ষমতার সুধ ভোগ সম্পূর্ব হয় না (একাশ্যে) কেন আপনি প্রমাণ লয়ে সন্দেহ ছেদ ককন।

গিরী। এক্ষণে আমার অবশর নেই।

সীতা। আমার অপরাধ ক্ষমা করবেন। আমার বোধ হয় আপনার মনে কোন গুণ্ড অভিসন্ধি আচে।

গিরী। আপনি ষা বুঝেছেন সেইই বটে।

সীতা। রাজার কি এই উচিত?

গিরী। উচিতই হক, আর অস্তিতই হক, এ সকল আপনি ঘটায়েছেন। আপনিই এর মূল। সীতা। তার কারণ এই যে এই দেশের, আপনার এবং আপনার বংশাবলির হিত চেফাই আমার জীবনের এক মাত্র উদ্দেশ্য। যে কার্য্যের দর্রুণ আমি আপনার কাষ্টে অপরাধী, সেটী না হলে এভক্ষণ এই বীরনগর একটা বিপুল অগ্নিকুণ্ড হত, রোদনের কোলাহলে গগণ পরিশ্রুণ হত, আর আপনি এতক্ষণ শত্রুর হস্তে পভিতহতেন।

গিরী। এ সকল কিছুই হত না যদি আমি ইচ্ছানু-যায়ী কার্য্য কর্ত্তে পার্ত্তেম। যা হক আমি আপনার সঙ্গে আর অধিক ক্ষা কইতে পারিনে। আপনি আজকার মত বিদায় হন।

[উভয়ের প্রস্থান।

চতুর্থ গর্ভাঙ্ক।

্ তারাবতীর উপবেশন মন্দির।

তারাবতী এবং বিনোদার প্রবেশ।

ভারা। সখি! আমাদের কৌশল বিফল হল। মহারাজ ভোকাল জান্তে পেরেছেন যে মন্ত্রী কন্যার বিবাহ অপরের সঙ্গে হয়েছে কই, তবু তো আমার প্রতি তাঁর মনোযোগের কোন লক্ষণ দেখিনে? বিনো। এখনই মন ছবে ? তাঁর মনের মধ্যে এখন ঝড় বৃক্তি অন্ধকার চিক্কুর ঝঞ্জনা হচ্ছে। একটু খোলাসা না হলে সব দেখতে পাবেন কেন ?

তারা। আজি যে তিনি বিজয় কাননে মৃগয়া কর্ত্তে গিছলেন।

বিনো। ওমা! সে দেখি কত কীত্তি কত কারখানা হয়ে গেল।

তারা। কি? হয়েছে কি?

বিনো। কে জানে, বলে মহারাজ নাকি সেই জল্পে হারিয়ে গেছলো। তার পার তাঁকে খুজে পায় না আর না। শেষ কালে সেনাপতি মশায় রেগে মেগে ও মহা-রাজের কাছকে যে চাপরাশি গুন দিবে রান্দিন থাকে তাদের সন্ধারকে জেলে দিলে।

তারা। তার পর, তার পর ?

স্থরমার প্রবেশ।

বিনো। কিলো? এত হাঁপাতে হাঁপাতে কোত-থেকে লো?

স্থর। আরে বড় সর্বনাশ।

তারা। কি, কি, কি?

স্কর। আর কি স্যানাপতি মশাইজেলে গ্যাচে। তারা। অঁটা, কদ্রপ্রতাপ সিং।

স্থব। আর কি বলব মাথা মুগু। যে যেখানে আছে সব

অবাক হয়ে মুখ চাওয়া চাওয়ি কচ্ছে। বাজারের দোকান পদার বন্দ হয়েছে, আর দেপাইরা যে সঞ্জের এগুতে ফিতে বেরিয়েছেলো, তারা দব ছুটে ছুটে আদৃতে নেগেছে। তাদের চোখ মুখ দিরে যেন আগুণ ছুটছে, আর এত বড় যুগাতা, এত বড় কুরুদ্ধি, এই বলতে নেগেছে আর দব জেল খানার কটকের স্মুখে জমা হচ্ছে। আমার গা কাঁপছে।

তারা। এ সব আমারই জন্যে। আমি নাথাকলে এ সব কিছুই হত না। হাবিধাতা আমার কপালে কি এই ছিল! এখন এরে উপায় কি? কোটালকে ডাক দেখি।

শুর। কোটাল মশার মন্ত্রী মশারের কাছকে বসে কি পরামিশ কতে নেগেছে। মন্ত্রী মশাই না কি মহারাজের কাচকে বেয়ে স্যানাপতি মশাইকে খালাস করাবার তরে চেক বলে ছেলো আর করে ছেলো। তা মহারাজ একা বারে না হারি পাট কলে। তাই সেখান থেকে এসে খালি কানতে নেগেছে আর মাথা খুঁড়তে নেগেছে।

তারা। আহা! মন্ত্রীর এই অবস্থা! আহা! চিরকাল এই রাজ্যের মঙ্গলের জন্যে শরীর পতন করে, শেষ তার অমন্ধলের লক্ষণ দেখে, আর এই অনুরোধ রক্ষানা হও-য়াতে অপমানে মনের ছুঃখে, যে চক্ষু এই রাজ্যের শুভা শুভ চিস্তার নিদ্রা ত্যাগ করেছে, সেই চক্ষু আজ অঞ্ জলে ভাসল। এখন আর তো উপায় দেখি নে আমাকে তোমরা মহারাজের নিকটে লয়ে চল, আমি তাঁর চরণ ধরে মেনাপতির মুক্তি প্রার্থনা করব।

কোটালের প্রবেশ।

এম এম! সমাচার কি বল?

ভীম। আজ যে কি ঘটনা হয়, কিছুই বলা ষায় না। কন্দ্রপ্রতাপ সিং তো সেনাদের জীবন। রামের কটক যে ভাবে রামকে শ্রন্থা কর্ত্ত, এ সেনারাও সেনাপতিকে ভেমনি ভাবে শ্রন্থা করে। তাদের ভক্তির চিহ্ন স্বরূপ তাকে দানা ভাই উপাধি দিয়েছে।

তারা। তবে এখন রক্ষা হয় কিশে ?

ভীম। রক্ষার উপায় স্থন্ধ রাজার আচ্ছা লঙ্ঘন করে সেনাপতিকে মুক্ত করা।

ভারা। সেনাপতির এতি মহারাজের নির্দয়তার কাবণ কি ?

ভীম । তিনি বলেন রাজ বিদ্রোহ, আমরা বলি সেনা-পতির সঙ্গে মন্ত্রী কন্যার বিবাহ।

(নেপথ্য)। আমাদের দাদা ভাই কোথা, আমাদের দাদা ভাই কোথা, আমাদের দাদা ভাই কোথা। দাদা ভাই এখুনি না দেখতে পেলে আমরা এই রাত্তের মধ্যে এই বীরনগর খুঁড়ে রেবতীর জলে ফেলে দ্ব।

ভারা। ওকি, ওকি, ওকি ?

ভীম। সর্মনাশ হল। ঐ সেনারা সব খেপে বেরি-য়েছে।

বিনোও সুর। (তারাবতীর পশ্চাতে কাঁপিতে কাঁপিতে) ও বাবা! কি হবে! কোথায় যাব! এই যে তারা এসে পডল, এই চাল তরালের কানকানি শুনা যাচ্ছে।

তারা। ভয় নেই, ভয় নেই। (কোটালের প্রতি) এখন উপায় ?

ভীম। সেনাপতিকে খালাস দেয়া ভিন্ন আর গতি
নাই। তা আপনি যদি অনুমতি দেন তবে পারি। আর
এই সেনাদের আপনি আখাস দিন। আনি এই দিগ দিয়ে
পালাই নচেং আমাকে পেলেই যেন কুধার্ত কুকুরের
পালে এক খণ্ড মাংসপতিত হওয়ার মত আমাকে খণ্ড
খণ্ড করে ছিড়ে ফেল্বে। কেননা আমার হাতে সেনা-পতি কয়েদ হয়েছেন। (অন্য ছার দিয়া কোটালের
প্রস্থান)

তারা। (নেপথোর দ্বারে গিয়া) বাছা সকল! তোমরা ছুঃখিত হয়েছ কেন ? তোমরা কি চাও ?

সেনাগণ। (নেপথ্যে) দাদা ভাই, দাদা ভাই, আর কোটালে বাটো কই।

তার। তোমরা কোটালের প্রতি অসম্ভক্ত কেন? তার কিছু মাত্র অপরাধনেই। তোমরা যাঁকে চাও তাঁকে আমি আনিয়ে দিছি। সেনাগণ। (নেপথ্যে) রাজকন্যা ভোমার জ্বয় জয়-কার হক!

রুত্রপ্রতাপ সিংহকে লইয়া কোটালের প্রবেশ।

ভীম। (কদ্রপ্রভাপকে অত্যে রাথিয়া) এই ভোমা-দের দাদা ভাই।

সেনাগণ। (নেপথ্যে) রাজকন্যার জয়, রাজ কন্যার জয়!

্ছিই জন সেনা রঙ্গভূমে আসিয়া সেনাপতিকে স্কন্ধে বহন করিয়া প্রস্থান।

তারা। ওঃ ! ভাগ্যে এরা মহারাজের উপর রোখে নি। ভীম। মহারাজ তো সন্ধ্যা হতেই এক অখ্যারোহণে বাইরে গিয়েছেন।

তারা। এরা বুঝি তাঁকে দেখতে পাই নি ?

ভীম। দেখতে পাবে না কেন? দেখেছিল এবং তাঁর পথ কদ্ধ করবার চেফা করেছিল। কিন্তু রাজা অকুতো ভয়ে বল্লেন, রে মৃঢ় লোক! তোরা করিস কি? কোখার আসিস? পথ ছাড়! এই কথা গুলি যে উচ্চারণ কল্লেন, উষ্ণভার সহিতও না, উচ্চ স্বরেও না, বরং বারি পুর্ণ মেধের গর্জ্জনের ন্যায় স্থির এবং গন্ধীর স্বরে। কিন্তু ভাতে এমনি একটি অটল প্রতিজ্ঞার আভাস প্রকাশ হল আর তখনই একখানি তলোয়ার বিচ্চাতের ন্যায় চমকে উঠল, আর যেমন মেমপুঞ্জের মধ্যে সিংহ প্রবেশ কল্লে তারা ত্রস্ত হয়ে উভয় পার্ম্মের রাশিক্ষত হয়, সৈনিকেরা তেমনি হয়ে পড়ল। আর রাজা অবাধে চলে গেলেন।

ভারা। আহা! এমন যে দেবতুলা বীর পুরুষ তাঁর কেন এমন মতি হল? ভিনি গেলেনই বা কোথায়? আমার ভো বারণ করবার ক্ষমতা নেই। দেখি মা হুর্গা কি করেন।

[সকলের প্রস্থান I

পঞ্চ গভাঙ্গ।

জোয়ালাপুর মানময়ীর শহনাগার।
মানময়ী পালক্ষোপবিষ্টা।

মান। কি বিপদেই পড়লেম। ওঃ! কি যাতনা বুঝি আমার খাস রোধ হল। প্রাণ বুঝি কঠাগত হয়েছে তাইতে নিখাসের পথ বন্দ। আমি কি কল্লেম কি হল। জালা জুড়াবার জন্যে বিবাহ করে, শেষে বিবাহই এক বিষম জালা হল। গিনীন্দ্র সিংহের বিচ্ছেদ অপেকা কন্তপ্রতাপ সিংহের সংসর্গ আরও অসহা। এই বিবাহ করে মনের বেদনার ভনো যে একটু আহা উছ করব তারও পথ বন। ষাই হক, আমার প্রাণ যায় তাও ভাল তবু রাজকুমারের মুখ আর দেখতে চাই নে। কিন্তু একি? যেই মুখে বলি দেখতে চাই নে, সেই মন অমনি বলে ওঠে এখনই একবার এলে বাঁচি। যা হক এবার এলে আর কিছু না, কেবল কতক গুল তিরক্ষার অপমান করে বিদায় করি। এই কথা মুখে বলি আর মনেও ভাবি, কিন্তু কাজে পারি কই। আমার কথা মেন কাপুক্ষের তর্জন গর্জন, আড়ে আড়ালে যতকাণ। কিন্তু ষার উদ্দেশে এত তার সন্মুখে কথা দূরে থাক, ভাল করে নিখাস ভাততে পারি নে। আহা রাজকুমার! তুমি কোন প্রাণে বলে "আমি এ বিবাহে সন্মত।"

গিরীন্দ্র সিংহের প্রবেশ।

গিরী। একি ? একি ? এখন এখানে ? ভয় নেই, ভয় নেই, আমি যান্তি।

মান। আপনি এখন রাজা, আপনার ভয় নেই। কিন্তু আমার প্রাণ কাঁপচে।

গিরী। কেন ভোমারই বা ভয় কি ?

মান। স্ত্রীলোকের কলঙ্কের ভয় অপেক্ষা আর কি ভয় হতে পারে?

গিরী। এত কাল যে আমি এই ভাবে তোমার সঙ্গে সাক্ষাং করিছি, তথন কলঙ্কের ভয় ছিল না, বরং আমি বিদায় চাইলেও তুমি যেতে দিতে না। আর এখন তোমার এত ভয় হল ? মানময়ি! ভেবে দেখ তুমিও সেই আমিও সেই কিন্তু তোমার সে প্রণয় কোষা গেল। আমার পিপা-সিত প্রাণ যেন মক ভূমে পড়ে ছটকট কক্ষে।

মান। এতকালের কথায় আর কাজ নেই। সে কাল আপনারও নেই আমারও নেই।

গিরী। আমি তো জানি যে আমিও দেই, তুমিও দেই, কালও দেই।

মান। কিছুই সেই নয়। আপনি রাজত্ব পেয়েছেন, রাজকনা। পেয়েছেন আমিও যার ধোগা তাই পেয়েছি।

গিরী। আমার রাজত্ব নামে বটে, কাজে নয়, আর রাজকন্যার তো কথাই নেই।

মান। আবার ঐ কথা? আপনি কি সঙ্কপ করে-ছেন যে যাবং আমার জ্ঞীবনাস্তনা হবে, তাবৎ আপনি শঠতায় ক্ষান্ত হবেন না?

গিরী। আমার শঠতা! উঃ! মানময়ী তুমি বিনা অপরাধে আমায় যাতনা দিচ্ছ। যখন প্রকৃত অবস্থা প্রকাশ হবে, তখন তোমারও মনে অনুতাপ হবে। যেমন অন্ত্র-শিকাকারীরা একটা লক্ষ নির্দেশ করে, অবিচলিত চিত্তে তাকে অস্ত্রে অস্ত্রে ক্ষত বিক্ষত করে, একণে তোমার কথা গুলি তীক্ষ্ণ বাণের ন্যায় আমার হদয়কে তেমনি বিক্ষত কচ্ছে।

মান। কি করি ? আমরা স্ত্রীলোক বাকচাকুরী দ্বারা স্থাভাবিক কর্কশ কথা কোমল কতে জানি নে। যে মিথ্যা কথা কয় ভাকে মিথ্যাবাদী বলি অথথার্থবাদী বলি নে; যে মঠতা করে ভাকে শঠবলি স্থচভূর বা স্থকোশলি বলি নে। যে খুন করে ভাকে খুনী বলি, হিংসক বলি নে।

গিরী। ক্ষমা কর, ক্ষমা কর। আমি আর সহা কর্ত্তে পারিনে। যেমন জীবিত মংস্য উত্তপ্ত তৈলে নিকেপ কল্লে ধড় কড় করে, আমার প্রাণ তেমনি কচ্ছে। হৃদর যদি চক্কের গোচর হত, তবে আমি এই তলোয়ারের দ্বারা বক্ষরুল বিদীর্গ করে এখনি দেখাতেম।

মান। তোমার এখনও চাতুরী, এখনও চলনা। তোমার ইচ্ছেটা কি ? তুমি রাজকন্যা বিবাহ করবে। আবার আমি কি তোমার চাতুরিতে ভুলে ধর্ম নফী করে তোমার উপপত্নী হয়ে থাকব ?

গিরী। (মানমন্ত্রীর এই কর্কশ বাক্যে যেন গুৰুতর আঘাত জন্য হীন বল হইনা পতন হওয়ার ন্যায় নিকটস্থ চেয়ারে উপবেশন ও কিরংকাল নিঃশব্দে অঞ্চপাত করিয়া) উঃ! কি যাতনা! মানমন্ত্রী তুমি এত নির্দ্ধনা কেমন করে হলে? আমি রাজা হয়ে আজ তুদিন যেন পথের কাঙ্গালের ন্যায় লালায়িত হয়ে বেড়াচ্ছে। এ তুমি দেখতে পাচ্ছ, তথাচ তোমার মন নরম হল না। আর আমি কিছু চাই নে, গুলু একটু স্থির হয়ে আমার ছুটি কথা গুন, এই

চাই। তা তুমি আমার প্রতি এমনি বক্র যে আমি কথা না কইতেতুমি শঠ, বঞ্চক, মিথাবাদী খুনে এই সকল ভাষা প্রয়োগ কর। আচ্ছা, তবে আমি তেমার এইখন থেকেই বন যাত্রা করি, আর বীরনগর দিরে যাব না। তা হলে অবশা ভোমার বিশ্বাস হবে যে আমি বঞ্চক নই।

মন। (সগত) আহা! অশ্রুপতি হল্ছে। তবে কি যাবলছেন তাইই সত্যা, আর সব মিখ্যা? চিঠি মিখ্যা, কথা মিখ্যা? (প্রকাশে) আচ্ছা, আপনার কি কথা আছে বলুন।

গিরী। প্রথম কথা এই বে তুমি আমাকে বঞ্চক বলে জ্ঞান কল্লে কিনে ?

মান। আপনি রাজা হন, রাজকন্যা বিবাহ কহন, এ সব আমার সহা। আমি জান্তেম যে অহঙ্কারের সন্তোধের জন্য রাজত্ব, আর রাজত্বের অন্তরাধে রাজ-কন্যা বিবাহ করা। কিন্তু আপনি বীরনগর যাত্রা করবার সময় আমাকে মিথা আখাস দেবাব কি প্রয়োজন ছিল?

গিরী। মিথ্যা আশ্বাস কিসে হল ?

মান। এ কথা আমি কেমন করে বলি। সে কথা মনে হলে যে আপনা আপনিই লজ্জা হয়। আপনি আমাকে বলে গেলেন যে কথন রাজকন্যার পাণিগ্রহণ করবেন না। আবার সভায় গিয়ে বল্লেন "আমি এ বিবাহে সম্মত।" গিরী। ৩ঃ! বিধাতার কি চক্র! আমি বলতে ইচ্ছা করেছিলেম যে আমি সন্মত নই। কিন্তু আমার কথা শেষ না হতেই তোমার পিতা গোলমাল করে বিপারীত ভাব প্রচার করে দিলেন।

মান। ভাল সে যেন হল। কিন্তু আপনার হাতের লেখা পত্র ভো অস্বীকার কর্তে পারবেন না।

গিরী। কোন পত্র?

মান। যে পত্রে আপনি লিখেছিলেন যে রাজকন্যাকে বিবাহ করবেন, আরও দশটা, তার মধ্যে আমাকেও বিবাহ করবেন।

গিরী। এমন চিঠি যে আমি লিখেছি এটা ভোমার নিঃসন্দেহ বিশ্বাস হয়েছে? চিঠি আমার হস্তাক্ষরে?

মান। সে বিষয় না জেনে কি আমি এত কথা বলছি? এই সে চিঠি। (চিঠি দান)

গিরী। (চিঠি দৃষ্ট করিয়া সক্রোধে ডেলাবৎ করিয়া নিক্ষেপ) এ আমার লেখার অন্ত্করণ বটে কিন্তু আমার লেখা না। আমি যে পত্র আমার চাকরের হাতে পাঠায়ে দিয়েছিলেম। তা তুমি গ্রহণ করনি।

মান। আপনি চাকরের হাতে পত্র পাঠায়েছিলেন তাও যেমন সত্য, এ পত্র যে আপনার লেখা নয় তাও তেমনি।

গিরী। কি? আমি নিথ্যা কথা বল্ছি? যে এই পত্র

ভোমাকে দিয়েছে তার দ্বারায় তুমি তদন্ত কর, যদি এ পত্র আমার এমন প্রমাণ হয়, তবে আমি আজ হতে ক্ষত্রিয় কুলের কলঙ্ক বলে আপনাকে ঘোষণা করব। কলঙ্ক শব্দের সহিত মেজের উপর সজোরে করাঘাৎ করাতে সামাদান পড়িয়৷ বাতি নির্দ্ধাণ হওয়ায় মানময়ী ক্ষত প্রবাতি লইয়া অন্য ঘরে অর্থাৎ নেপথ্যে গিয়া প্র বাতি জ্বালিয়া পুন প্রবেশকালীন ক্তমপ্রতাপ সিংছ উদ্ধাতের ন্যায় এক নিষ্কোষিত তলোয়ার হত্তে বেগে মান-মহীকে পশ্চাত রাধিয়া প্রবেশ।

ক্রা। কেরে তুই! নরাধন, পামর! এত বড় যোগাতা! তুই ম্যিক হয়ে নিজিত সিংহের বদনে প্রধান কর্তে সাহসী হয়েছিস। তোর যদি কিছু মনু-যাত্ব থাকে তলোয়ার বাহির কর। কারণ আমি অস্ত্র হীনের প্রতি অস্ত্রাঘাত করিনে।

গিরী। সেনাপতি! তুমি নির্দ্দোষী, শুদ্ধ ভ্রম বশতঃ আমার প্রতি এমন কটু ভাষা এয়োগ কচ্ছ। অতএব আমি তোমার প্রতি অস্ত্রাঘাত কর্ত্তে অনিস্ছুক।

কদ্র। কি বল্লি! ভীক! কাপুকষ! তুই উদারতার আবরণে আপনার ভীকতা গোপন কর্ত্তে চাস। শীদ্র তলোয়ার লয়ে যুদ্ধ কর নচেৎ আমি তোর বক্ষে পদাঘাত করি।

গিরী। হেধর্ম! মিতু সাক্ষী! (তলোয়ার নিজো-

ষিত করিয়া যুদ্ধ ও ক্ষত্রপ্রতাপ মনের ব্যপ্রতা বশতঃ বৈরির তলোয়ারাভিমুখে ধাইয়া যাওয়াতে উক্ত তলোয়ার তাহার বক্ষে প্রবেশ করিয়া পিঠদেশ হতে নির্গত ও সেনাপতির পতন)

ক্স। এই হল আমার জীবন যাত্রা সমাপ্ত। পাপের জয়, ধর্মের পরাজয়। সম্প্রতি তলোয়ারের আঘাতে আমার প্রাণ বিয়োগ হচ্ছেনা। এই পায়প্ত লম্পট যে আমার সহধর্মিনীর ধর্ম নফ্ট করে অবাধে স্থাথ কাল যাপন করবে এই ছঃখে আমার প্রাণ কাতর হয়ে বিদায় হচ্ছে। এই ছঃখে আমার শেষকালে অপ্রাণাত হল। হা বিধাতা। আমার প্রতি কি এই বিচার হল।

মান। ভোমার এ ছঃখ আমি দূর কছিছি। আমিও ভোমার সজে আস্ছি। (কদ্রপ্রতাপের তলোয়ার লইয়া উভয় হতে সভোরে হৃদ্যে আঘাৎ ও ক্দ্রপ্রভাপের বাহু মূলে মন্তক নাস্ত করিয়া পতন)

করে। আ—আঃ এখন আমার সব তুংথের শমতা হল। এখন আমার হৃদয় শীতল হল। মানময়ী তুমি প্রহৃত সাধী। তুমি নারীকুলের গঠা। হীরক রাশির মধ্যে যেমন কোহেমুর, রমণী সমূহের মধ্যে তেমনি তুমি। তুমি যে কুলের কুলকনা। সেই কুলই উজ্জ্বল। তুমি যে কুলের কুলব্যু সেই কুলই ধনা। তোমার সতীত্বের যশা আর তার সহযোগে আমার নাম যে চিরকাল জাগকক

থাকবে সেই আনন্দে আমার এই সমাগত মৃত্যুকে যেন আমোদ প্রমোদে রাত্র জাগরণের পর স্থান্তির কালের নিদার ন্যায় জ্ঞান হচ্ছে। আ—আর কি বলব, আমার কঠরোধ। (মরণ)

সীতাপতি সামন্তের প্রবেশ।

মান। বাবা! আপনি এসেছেন ভাল হয়েছে। আপনার হতভাগিনী মানু আজ বিদায় হয়। (রোদ-নের সহিত) এই কদ্রপ্রতাপ সিং আমার জন্যে কত যতু কত ক্লেশ করেছেন। আমি এজন্মে কখনও ভাল করে একটি কথাও কই নি। বরং অনাদর অশ্রদা, অপমান এই করিছি। তাতে কখনও বিরক্ত হন নি বরং খেদ করেছেন আর কেঁদেছেন। আজ তুদিন যে বিবাহ হয়েছে আর আমি ঐ চরণের দাসী হয়েছি, তথাচ ওঁর প্রতি আমার ব্যবহার সেই রূপই আছে। যদি কিছু পরি-বর্ত্তন হয়ে থাকে সে কেবল মন্দের পক্ষে। তবু আমাকে কিছু অনুযোগ বা ভিরস্কার না করে কেবল আপনার অশ্রুপাত করেছেন আর আপনার চুরদৃষ্টের উপর বিলাপ করেছেন। চিরকাল এই ভাবে ক্লেশ, অপামান, গনঃপীড়া সহা করে অবশেষে আমার জন্যে প্রাণ পর্যান্ত পরিতাপে কল্লেন। তবে দেখুন আমার নিষ্ঠুরতার জন্যে এঁর এ জন্ম কেবল চুঃখেতে অতিবাহিত হল। এই জন্যে আমার এই বাসনা যে পুনর্জন্ম যেন এঁরই

সঙ্গে আমার বিবাহ হয়, আর আমি যেন চিরকাল ঐ চরণ দেবায় কাল যাপন করি। বাবা! আমাকে এখন এই আশীর্বাদ করুন (গিরীক্ষের প্রতি) আমি বাগ বশে আপনার অপরাধের ভদন্ত না করে সহসা এই বিবাহ করে আর অন্যায় তিরস্কার অপমান করে আপনার মনে বেদনা দিয়েছি। আপনি আমাকে ক্ষমা কৰুন আৱ এই অবধি কোন অপরাধ নিঃসন্দেহ প্রমাণ হওয়া সতেও যেন অপরাধীর উত্তর না নিয়ে কেউ তার দণ্ড না করে। আর আমার পিতার কৌশলে আমাদের বিবাহ বারণ হয়েছে বলে ওঁর প্রতি আপনার কোপ না থাকে। উনি আপনার কন্যা রাজরাণী হওয়া অপেকা দেশের হিত আর রাজার হিত অধিক জ্ঞান করেছেন। যে রাজার এমন মন্ত্রী তার ভাগ্যের আর প্রমাণ চাই নে, অতএব আমার পিতাকে অনাদর নাকরেন। আর অভাগিনী মানময়ীর নাম স্মৃতিপট হতে তুলে ফেলুন। (মরণ)

সীতাপতি ও গিরীন্দ্র কিয়ৎকাল নিঃশব্দে রোদন।

সীতা। মহারাজ! আর রোদন বিফল। এক্ষণে আপনি বীরনগর যাত্রা করুন। সেখানে গিয়ে রাজকন্যা তারবভীর পাণি গ্রহণ করুন। তারাবতী রুমণী কুলের জ্যোতি। পরিশেষে সূথে রাজ্য করুন।

গিরী। আপনি আমার পিতা অপেক্ষা অধিক। পিতা

আমাকে জীবন দিয়েছেন, আপনি সেই জীবন রক্ষা করে-ছেন আর বিদ্যা দান করেছেন, যার অভাবে জীবন বিফল অপেকাপ্ত অপরুক্ত। অতএব যদি আমি রাজত্ব করি, আপনার সহকারিতা ভিন্ন আমি রাজকার্য্য নির্ব্বাহ কর্প্তে সমর্থ হব না।

সীতা। মহারাজ! এর পর আর কি আমি অত চিন্তা বা পরিশ্রম কর্ত্তে পারব? আমার প্রাণ-পক্ষী যে বৃক্ষে আশ্রয় করেছিল তার পতন হল, আর দে পক্ষী শূন্যভরে অমণ কর্ত্তে লাগল। আর কি স্থির হবে? বিশেষতঃ আমার এ জীবনের উদ্দেশ্য ছিল এই রাজ্যের ও পৌর-রাজবংশের হিত্যাধন করা, ভগবানের ইচ্ছায় আমার মানস সিদ্ধ হয়েছে। আর আমার জীবনও শেষ হয়েছে। চলৎ শক্তিও রহিত হয়েছে, এ দিকে মোকানে এলেও পৌছিচি। ভবে আমার দ্বারা যে কিছু উপকার হতে পারে তার জন্যে চিন্তা নেই।

ি সকলের প্রস্থান। মানময়ী ও রুদ্রপ্রতাপের শব বহন।

পরিশিষ্ট।

১৭ পৃষ্ঠা ১২ পক্তির পর। রাগিণী দিদ্ধু খাম্বাজ—তাল আড়া।

অমূল্য অমিয় আনে, করি অশেষ যতন, পাইলে অমর হব, না পাই হবে মরণ !

মধুম্ফিকা দংশন, ভয়ে ভীত যার মন, মধু চক্রতার কভু, নাহি হয় উপাৰ্জন।

ছেরে জলধি তরঙ্গ, ভয়ে যার কাঁপে অঙ্গ, সে জল নিধির নিধি, নাহিক পায় কথন।

> ২৩ পৃষ্ঠা ৪ পক্তির পর। রাগিণী ঝিঁঝিট—তাল মধ্যমান।

হুদি কাননে, প্রেম কুশম কলি ফুটিল; প্রমদ সৌরভ ভার, চারিদিকে ছুটিল।

হেরে মন মধুকর, পুলকে পূর্ণ অন্তর, হুথ মকরন্দ লোভে, মত হয়ে উড়িল।

পিপাসিতে বারি পানে, বাদী হওলো কোন প্রাণে, এ সময় দিও না বাধা, হয়ে আমায় কুটিল।

৩৯ পৃষ্ঠা প্রথমে।

রাগিণী বেহাগ—তাল একতালা।

কই সই আইলেন রাজন, উচাটন প্রাণ মন, প্রেম কি বিষম জালা প্রেম কি বিষম জালা দেখ কাঁপিছে হৃদয় দেখ কাঁপিছে হৃদয় নবর্ত পাখী যেন।

আশা সব বিফল হইল, হতাবে দেখ অধর গুকাইল, নয়নে ছলে অনন্। আর নাপারি চলিতে, আর না পারি বলিতে, বুঝি গেল গো জীবন।

মানে প্রাণে ঘটিল বিরোধ, কেমনে রাখি উভয় অন্ত্রোধ, যাউক মানেরি মান। চল লইয়ে আমারে যাই ভেটিতে রাজারে বিলম্বে নাই প্রয়োজন ॥

৪১ পৃষ্ঠা ৪ পক্তির পর। রাগিণী টড়ি ভৈরবী—তাল ভিওট।

প্রেম আন্দোহর, কি বিরহ আন্দেহর, নারি বুরিতে কিশে জ্বলে গোহনয়।

তেম সুধ কই, হইল সই, ইতে যন্ত্রণী লাঞ্ছনা যে সমুদয় । যে হতে হেরেছি তাঁরে, আমার তিলেক মন প্রাণ ছির নয়। ৫ ম অঙ্ক, ১ম গর্ভাঙ্ক। "এলে বাঁচি"র পর। রাগিণী বিঁঝিটৈ—তাল পোস্তা।

স্থি যে দহিল মম জীবনে, মরি মরি সে বিনে। যে মরে আমার তরে, ভারে চাহিনে।

যে ভূৎসেরি গরলে, অহরহ দেহ জ্বলে, এ জ্বালা জুড়ায় পুন, তারি দংশনে।

ষে আমা বিনে জানে না, দিয়েছি ভারে যাতনা, ভার সমচিত হল, কপাল গুণে॥

৮৫ পৃষ্ঠার শেষ। রাগিণী যোগিয়া বিভাস—তাল ঠুংরি।

পুড়িল এণয় বাসা, উড়িল এাণ বিহঙ্গ। এ জনমের মত আমার এেম এত ইল সাজ।

এরপ গুণ যৌবন, রাজ্য রাজসিংহাসন, ডুবিল এ সুখের ভরা, উথলি চুখ তরক।

এত দিন বেন খপনে, ছিলাম সুখের ষ্ঠনে, হতে সৰ আয়োজন, সুখ নিজা হল ভঙ্গ।

> বাগবাভার রীডিং লাইব্রেরী সম্পূর্ণ। ভাত কর্ম সংখ্যা